Aladdin



রিজু মোহাম্মদ টানা চার বার প্রচার সম্পাদক

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র প্রবাসীদের 'আমব্রেলা সংগঠন' হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটি'র নির্বাচনে টানা চতুর্থবারের মতো জনসংযোগ ও প্রচার সম্পাদক পদে নির্বাচিত

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৫

সিটির সাবওয়েতে উইপেন স্ক্যানারে ভুয়া সতর্ক সংকেত!

বাংলা পত্রিকা ডেস্ক: বন্দুক সহিংসতা রোধে একটি পাইলট প্রোগ্রামের আওতায় সেপ্টেম্বরে নিউইয়র্ক সটির কয়েকটি সাবওয়ে স্টেশনে এআই-চালিত উইপেন স্ক্যানার মেশিন স্থাপন করেছে সিটি কর্তৃপক্ষ। এইআই স্ক্যানার মেশিনগুলোতে গত এক মাসে কোনো বন্দুক সনাক্ত না হলেও শাতধিক বেশি ভুয়া সংকেত দিয়েছে। এ নিয়ে বিভিন্ন মহলে শুরু হয়েছে সামলোচনা। পাইলট প্রোগ্রামটির সামলোচনা করে লিগ্যাল এইড সোসাইটি এটিকে ব্যর্থ বলে ঘোষণা দেয়। এছাড়া প্রোগ্রামটি ব্যয়বহুল বলে এটিকে স্থগিত করারও কথা জানায় সংস্থাটি। বুধবার (২৩ অক্টোবর)

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৫

The Weekly Bangla Patrika

সফলতার ২৮ বছর পেরিয়ে ২৯এ পদার্পণ

বাংলা পত্রিকা

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ সংখ্যা ০৬ সোমবার কার্তিক ১২ ১৪৩১ / রবিউস সানি ২৪, ১৪৪৬ / Vol. 29 / Issue 06 / October 28, 2024 USA. Free in NY, Other State $1

নিরঙ্কুশ বিজয় 'সেলিম-আলী' প্যানেলের

বাংলাদেশ সোসাইটির নির্বাচন-২০২৪

সালাহউদ্দিন আহমেদ: যুক্তরাষ্ট্র প্রবাসী বাংলাদেশীদের 'আমব্রেলা' সংগঠন হিসেবে পরিচিত বাংলাদেশ সোসাইটির দ্বি-বার্ষিক নির্বাচনে 'সেলিম-আলী' পূর্ণ প্যানেলে জয়ী হয়েছে। রোববার (২৭ অক্টোবর) এই নির্বাচনে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়। নির্বাচনে কার্যকরী পরিষদের ১৯টি পদেই 'সেলিম-আলী' প্যানেলের প্রার্থীরা বিপুল ভোটে জয়লাভ করেন। সভাপতি পদে নির্বাচিত হয়েছেন সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম আর সাধারণ সম্পাদক পদে জয়ী হয়েছেন সোসাইটির সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী। উল্লেখ্য, ১৯৭৫ সালে বাংলাদেশ সোসাইটি প্রতিষ্ঠিত হয়।

বিপুল উৎসাহ-উদ্দীপনায় অনুষ্ঠিত নিউইয়র্ক সিটির ৫টি ভোট কেন্দ্রে ৫৮টি মেশিনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। কুইন্সের উডসাইড, জ্যামাইকা এবং ওজনপার্ক ছাড়াও


আতাউর রহমান সেলিম


মোহাম্মদ আলী

ব্রুকলীন এবং ব্রঙ্কসের ভোট কেন্দ্রে ভোটাররা সকাল ৯ টা থেকে রাত ৯টা পর্যন্ত ভোট গ্রহণ চলে বিরতিহীন। নির্বাচন চলাকালীন সময়ে ব্রুকলীন কেন্দ্র ছাড়া অন্যন্য কেন্দ্রে শান্তিপূর্ণভাবে ভোট গ্রহণ সম্পন্ন হয়। ব্রুকলীন কেন্দ্রে বেলা আড়াইটার দিকে অপ্রীতিকর ঘটনা ঘটে। এ ঘটনায় সালেহ আহমেদ মানিক নামের একজন আহত হলে তাকে স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেয়া হয়। মনিক জানান, কে বা কারা অতর্কিতে আমার উপর হামলা করে এবং শারীরিকভাবে আঘাত করে। তাদের মধ্যে ২/১জনকে আমি চিনতে পেরেছি। কিন্তু কেন আমার ওপর হামলা হলো তা বুঝতে পারিনি। হামলার পর আহত হলে অ্যাম্বুলেস যোগে হাসপাত-লে চিকিৎসা নিচ্ছি।

২০২৫-২০২৬ সালের জন্য এবারের নির্বাচনে সোসাইটির কার্যকরী পরিষদের ১৯টি পদের বিপরীতে প্রতিদ্বন্দ্বি 'সেলিম-আলী' ও 'রুহুল-জাহিদ' প্যানেলের ৩৭জন প্রার্থী ভোটে লড়েন। নির্বাচনে 'সেলিম-আলী' প্যানেলের প্রচার ও জনসংযোগ সম্পাদক পদে রিজু মোহাম্মদ বিনা প্রতিদ্বন্দ্বিতায় পুন:নির্বাচিত হন। এবারই প্রথম 'রুহুল-জাহিদ' প্যানেলে থেকে তিনজন নারী প্রার্থী দাঁড়িয়েছিলেন।

ভোট গ্রহণ শেষে রোববার রাত ১১টার দিকে গুলশান ট্যারেস কেন্দ্র থেকে প্রধান নির্বাচন কমিশনার এডভোকেট জামাল

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০২

কে কত ভোট পেলেন

নির্বাচন কমিশন ঘোষিত বেসরকারী ফলাফলে সভাপতি পদে আতাউর রহমান সেলিমের প্রাপ্ত ভোট ৫,২৮৯। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি রুহুল আমীন সিদ্দিকীর প্রাপ্ত ভোট ৩,৮২০। ভোট ব্যবধানে ১,৪৬৯ ভোট বেশী পেয়ে আতাউর রহমান সেলিম জয়ী হয়েছেন।

সাধারণ সম্পাদক পদে বিজয়ী মোহাম্মদ আলীর প্রাপ্ত ভোট ৫,১৭৯। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি জাহিদ মিন্টুর প্রাপ্ত ভোট ৩,৮৭২। ভোট ব্যবধানে ১,৩০৭ ভোট বেশী পেয়ে মোহাম্মদ আলী জয়ী হয়েছেন।

অপরদিকে সিনিয়র সহ সভাপতি পদে বিজয়ী মহিউদ্দিন দেওয়ানের প্রাপ্ত ভোট ৫,৪৯৪। তার একমাত্র প্রতিদ্বন্দ্বি ফারুক চৌধুরীর প্রাপ্ত ভোট ৩,৪০৫।

সহ সভাপতি বিজয়ী মোহাম্মদ কামরুজ জামান-এর প্রাপ্ত ে

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৫

যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন-২০২৪

মিশিগান ও পেনসিলভানিয়ায় ধর্মের প্রভাব



বাংলা পত্রিকা ডেস্ক: চার বছর পর পর অনুষ্ঠিত যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন ঘিরে স্বভাবতই বিশ্বজুড়ে ব্যাপক আগ্রহ তৈরি হয়। অগামী ৫ নভেম্বর মঙ্গলবার প্রেসিডেন্ট নির্বাচন। নির্বাচনের আর মাত্র কয়েকদিন বাকি থাকায় শেষ মুহূর্তে জোর প্রচারণা চালিয়ে যাচ্ছেন প্রতিদ্বন্দ্বী কমলা-ট্রাম্প দুই শিবিরের প্রার্থীরা। এবার দুই প্রার্থীর হাড্ডাহাড্ডি লড়াইয়ে যুক্ত হয়েছে ধর্মের খেলা। এবারের নির্বাচনে 'এক্স ফ্যাক্টর' হয়ে উঠেছে মিশিগান ও পেনসিলভানিয়ার

ম ও ইহুদি ভোট। এবারের দুই নন্দী কমলা হ্যারিস ও ডোনাল্ড র জন্য ২৭০টি ইলেকটোরাল পাওয়ার একটি সম্ভাব্য পথ হচ্ছে ই অঙ্গরাজ্য।

প্রকাশ, প্রেসিডেন্ট নির্বাচনের তই ঘনিয়ে আসছে, প্রতিদ্বন্দ্বী দুই র সম্ভাব্য প্রতিটি ভোট দখলের লড়াই শুরু হয়ে গেছে। সাত 'ব্যাটলগ্রাউন্ড' ষ্টেট নিয়ে মাথাব্যথা থাকলেও এবারের নির্বাচনে 'এক্স ফ্যাক্টর' হতে পারে মিশিগান ও পেনসিলভানিয়ার মুসলিম ও ইহুদি ভোট। এবারের দুই প্রতিদ্বন্দ্বী কমলা হ্যারিস ও ডোনাল্ড ট্রাম্পের জন্য ২৭০টি ইলেকটোরাল ভোট পাওয়ার একটি সম্ভাব্য পথ হচ্ছে এই দুই ষ্টেট। ফলে মুসলিম ও ইহুদি ভোট নিয়ে উভয় সংকটে রয়েছেন কমলা। ইসরায়েলের পক্ষে কথা বললে আরব-মুসলিমরা

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৩

হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস

বাংলা পত্রিকা ডেস্ক: দুয়ারে কড়া নাড়ছে প্রেসিডেন্ট নির্বাচন। শেষ মুহূর্তের প্রচারে ব্যস্ত দুই প্রতিদ্বন্দ্বী কমলা হ্যারিস ও ডোনাল্ড ট্রাম্প। এই দুই প্রার্থীর মধ্যে কে হচ্ছেন পরবর্তী প্রেসিডেন্ট তা নিয়ে চলছে চুলচেরা বিশ্লেষণ। এর অংশ হিসেবে বিভিন্ন সংস্থা ও সংবাদমাধ্যম চালাচ্ছে নানা জরিপ। নির্বাচনী এসব জরিপে অধিকাংশ সময় কমলা হ্যারিস এগিয়ে ছিলেন। তবে সম্প্রতি ওয়াল স্ট্রিট জার্নালের জরিপে দেখা গেছে, রিপাবলিকান পার্টির প্রার্থী ট্রাম্প দেশব্যাপী জনপ্রিয়তায় ডেমোক্র্যাট প্রার্থী কমলার চেয়ে এগিয়ে আছেন।

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৫

প্রেসিডেন্ট নির্বাচনে ডলারের ছড়াছড়ি

বাংলা পত্রিকা ডেস্ক: ঘনিয়ে আসছে প্রেসিডেন্ট নির্বাচন। আগামী ৫ নভেম্বর ফয়সালা হবে কে হবেন নতুন প্রেসিডেন্ট। ডোনাল্ড ট্রাম্প না-কি কমলা হ্যারিস। এখন চলছে শেষ মুহূর্তের নির্বাচনী প্রচারণা। যেখানে রিপাবলিকান প্রার্থী ট্রাম্পের জন্য নির্বাচনী মাঠে অর্থ ঢালছেন বিশ্বের সবচেয়ে ধনী ব্যক্তি ইলন মাস্ক। অপরদিকে ডেমোক্র্যাট পার্টির প্রার্থী কমলা হ্যারিসের প্রচারে গোপনে পাঁচ কোটি ডলার অনুদান দিয়েছেন বিশ্বের আরেক শীর্ষ ধনী বিল গেটস। সবমিলিয়ে বলা যায় এবারের প্রেসিডেন্ট নির্বাচনে চলছে চারদিকে ডলারের ছড়াছড়ি।

খবরে প্রকাশ, আগামী ৫ নভেম্বরের প্রেসিডেন্ট নির্বাচনকে

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৫

প্যানেল ভোটেই নির্ধারিত হলো জয়-পরাজয়

বিশেষ প্রতিনিধি: বাংলাদেশ সোসাইটির রোববারের (২৭ অক্টোবর) নির্বাচনে প্যানেল ভোটেই জয়ী হয়েছেন 'সেলিম-আলী' প্যানেলের সকল প্রার্থী। অপরদিকে 'সেলিম-আলী' প্যানেলের একমাত্র প্রতিদ্বন্দ্বি 'রুহুল-জাহিদ' প্যানেলের প্রার্থীরাও প্যানেল ভোট পেলেও তাদের সমর্থিত ভোটার সংখ্যা ছিলো কম। এদিকে জনশ্রুতি ছিলো 'সেলিম-আলী' প্যানেলের পক্ষ থেকে ১২/১৪ হাজার ভোটার করা হয়েছে। পাশাপাশি 'রুহুল-জাহিদ' প্যানেল সমর্থিত ভোটার ছিলো ৫/৮ হাজার। কিন্তু এবারের নির্বাচনে ভোটারের সংখ্যা ছিলো ১৮ হাজার ৬১৩ জন।

সোসাইটির নির্বাচন কমিশন ঘোষিত ফলাফল পর্যালোচনায় দেখা যায় এবারের নির্বাচনে ভোটারর উপস্থিতি ছিলো অনেক কম। কেননা, এই নির্বাচনে বিজয়ী প্রার্থী আর বিজিত প্রার্থীদের মধ্যে ভোটের ব্যবধান গড় দেড়/দুই হাজার। নির্বাচনে সর্বোচ্চ ভোট পড়েছে ৫,৪৯৪। এই ভোট পেয়েছেন সিনিয়র সহ সভাপতি পদপ্রার্থী মহিউদ্দিন দেওয়ান। বিপুল সংখ্যক ভোটার নির্বাচনে ভোটদানে অংশ নেননি।

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ১৩

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com
Nurul Azim

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন
EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাংলাদেশের অর্থ উপদেষ্টা ও গভর্নরের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা স্থগিত

বাংলা পত্রিকা ডেস্কঃ যুক্তরাষ্ট্রের বিদ্যুৎ কোম্পানি স্মিথ কোজেনারেশনের একটি মামলায় বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ ও বাংলাদেশ ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুরের বিরুদ্ধে একটি গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছিল। তবে শুক্রবার (২৫ অক্টোবর) সে পরোয়ানা স্থগিত করা হয়েছে। সদ্য রাষ্ট্রদূত হিসেবে নিয়োগ পাওয়া সিনিয়র সাংবাদিক মুশফিকুল ফজল আনসারী নিজের ফেরিফ-ায়েড ফেসবুক অ্যাকাউন্টে এই পরোয়ানা স্থগিতের বিষয়টি নিশ্চিত করেছেন।

জানা গেছে, বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের অর্থ উপদেষ্টা সালেহউদ্দিন আহমেদ ও কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আহসান এইচ মনসুরের বিরুদ্ধে জারি করা গ্রেফতারি পরোয়ানা স্থগিত করেছে যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের বিদ্যুৎ কোম্পানি স্মিথ কোজেনারেশনের একটি সালিশি মামলায় এই পরোয়ানা জারি করা হয়েছিল। সিনিয়র সচিব পদমর্যাদায় পররাষ্ট্র মন্ত্রণালয়ে ন্যস্ত সাংবাদিক মুশফিকুল ফজল আনসারী পরোয়ানা স্থগিতের বিষয়টি শনিবার ফেসবুকে স্ট্যাটাস দিয়ে জানিয়েছেন। ফেসবুকে তিনি লিখেছেন, ১৯৯৯ সালে আওয়ামী লীগ সরকার কর্তৃক একটি চুক্তি বাতিলের দায়ে স্মিথ কোজেনারেশন ক্ষতিপূরণ দাবি করে যুক্তরাষ্ট্রের আদালতে একটি মামলা করে। ১৯৯৭ সালে স্মিথ কোজেনারেশন তৎকালীন বাংলাদেশের সরকারের সাথে একটি বিদ্যুৎ ক্রয় চুক্তি স্বাক্ষর করেছিল এবং দেশের উত্তরাঞ্চলে একটি বার্জ-মাউন্টেড বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য অনুমতি প্রদান করেছিল সরকার। এই মামলায় দীর্ঘ প্রায় ২৫

নিরঙ্কুশ বিজয় ‘সেলিম- আলী’ প্যানেলের

(শেষ পৃষ্ঠার পর)

আহমেদ জনি বেসরকারী ফলাফল ঘোষণা করেন। এসময় কমিশনের সদস্য এবং প্রিসাইডিং ও পোলিং অফিসারগণ মঞ্চে ছিলেন। অপরদিকে প্রার্থীরা সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী ফলাফল ঘোষণার সময় উপস্থিত ছিলেন। ফলাফল ঘোষণার আগে নির্বাচন কমিশনারগণ শুভেচ্ছা বক্তব্য রাখেন।

উল্লেখ্য, সোসাইটির ৭ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশনের প্রধান ছিলেন এডভোকেট জামাল আহমেদ জনি। কমিশনের অন্য সদস্যরা হলেন- আব্দুল হাকিম মিয়া, মোহাম্মদ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল ও আহবাব চৌধুরী খোকন।

এদিকে নির্বাচনে বিজয় অর্জনের পর বিজয়ী ‘সেলিম-আলী’ প্যানেলের বিজয়ী প্রার্থী, কর্মী, সমর্থক আর শুভাকাঙ্খীরা উৎসবে মেতে উঠেন। এসময় তারা ঢাক-ঢোল বাজিয়ে আনন্দ-উল্লাস করেন।

‘সেলিম-আলী’ প্যানেলের বিজয়ী প্রার্থীরা হলেন: সভাপতি- আতাউর রহমান সেলিম, সিনিয়র সহ সভাপতি- মহিউদ্দিন দেওয়ান, সহ সভাপতি- কামরুজজামান কামরুল, সাধারণ সম্পাদক- মোহাম্মদ আলী, সহকারী সাধারণ সম্পাদক- আবুল কালাম ভুইয়া, কোষাধ্যক্ষ- মফিজুল ইসলাম ভুইয়া রুমী, সাংগঠনিক সম্পাদক- ডিউক খান, সাংস্কৃতিক সম্পাদক- অনিক রাজ, প্রচার ও জনসংযোগ সম্পাদক- রিজু মোহাম্মদ (বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত), সমাজকল্যাণ সম্পাদক- জামিল আনসারী, সাহিত্য সম্পাদক- মোহাম্মদ এ আখতার বাবুল, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- আশ্রাব আলী খান লিটন, স্কুল ও শিক্ষা বিষয়ক সম্পাদক- হাসান জিলানী এবং কার্যকরী সদস্য যথাক্রমে মোহাম্মদ সাদিক, আবুল কাশেম চৌধুরী, মনসুর আহমেদ, হারুন চেয়ারম্যান, জাহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ও হাসান খান।

নির্বাচন ঘিরে ‘সেলিম-আলী’ প্যানেলের প্রতিশ্রুতি ছিলো- কমিউনিটিকে ঐক্যবদ্ধ করে মূলধারায় শক্ত অবস্থান প্রতিষ্ঠা, নতুন প্রজন্মের সাথে সোসাইটির সেতু বন্ধন সুদৃঢ় করে গণমুখী, কল্যাণকর ও





বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের প্রতিষ্ঠাবার্ষিকী

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগে (এনওয়াইপিডি) কর্মরত বাংলাদেশিদের সংগঠন বাংলাদেশি আমেরিকান পুলিশ অ্যাসোসিয়েশনের (বাপা) অষ্টম বার্ষিক অ্যাওয়ার্ড অনুষ্ঠিত হয়েছে। এ উপলক্ষে ১১ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় সিটির কুইন্সে জমকালো অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রবাসী বাঙালিসহ প্রায় ৫ শতাধিক অতিথি উপস্থিত ছিলেন। একই সঙ্গে বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় নানা ক্যাটাগরিতে ১০ জনকে সম্মাননা দেওয়া হয়। বিশেষ কৃতিত্ব প্রদর্শনকারী অফিসারদের ক্রেস্ট প্রদান করা হয়। এসময় বাপার কর্মকর্তারা উল্লেখ করেন, কমিউনিটির বাঙালি নতুনদের মধ্যে যারা উদ্যমী ও উচ্চ শিক্ষিত তাদের নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টে চাকরির জন্য তারা সচেষ্ট রয়েছেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিটি মেয়রের প্রধান প্রশাসনিক কর্মকর্তা মীর বাশার, পুলিশ কমিশনার থমাস জি ডনলন, নিউইয়র্কে বাংলাদেশের কন্সাল জেনারেল নাজমুল হুদা। এছাড়া আরও ছিলেন ইউর ড্রিম হোম কেয়ারের প্রেসিডেন্ট এবং বাংলাদেশ সোসাই-টির সাবেক প্রেসিডেন্ট ও ট্রাস্টি বোর্ডের বর্তমান চেয়ারম্যান এম আজিজ, ইউর ড্রিম হোম কেয়ারের সিইও ফয়সাল আজিজসহ কমিউনিটির গণ্যমান্য ব্যক্তিসহ বিভিন্ন শ্রেণিপেশার মানুষ।

অতিথিদের অভ্যর্থনা জানান বাপার প্রেসিডেন্ট এরশাদ সিদ্দিক, প্রথম ভাইস প্রেসিডেন্ট এ কে এম আলম, সেকেন্ড ভাইস প্রেসিডেন্ট মোহাম্মদ চৌধুরী, সেক্রেটারি রাশেকুল মালিক, মিডিয়া লিঁয়াজো জামিল সারোয়ার, করেসপন্ডেন্ট সেক্রেটারি সৈয়দ এনায়েত আলী, কমিউনিটি লিঁয়াজো সর্দার মামুন, ট্রেজারার মেহেদী মামুন, কো-ট্রেজারার জসীম মিয়া এবং ইভেন্ট কো-অর্ডিনেটর শেখ আহমেদ।

২০১৫ সাল থেকে বাপা এমন অনুষ্ঠানের আয়োজন করে আসছে। প্রতিটি অনুষ্ঠানেই মেয়র এরিক এডামস উপস্থিত থাকতেন। কিন্তু এবার ঘুষ-দুর্নীতি এবং স্বজনপ্রীতির মামলায় অভিযুক্ত হওয়ায় তিনি উপস্থিত হননি।

উপস্থিত অতিথি ও নিউইয়র্ক সিটির পুলিশ বিভাগে কর্মরত বাংলাদেশিদের ধন্যবাদ জানিয়ে ইউর ড্রিম হোম কেয়ারের সিইও ফয়সাল আজিজ বলেন, বাংলাদেশি কমিউনি-টিতে বিভিন্নভাবে সহযোগিতা করে যাচ্ছে আমাদের প্রতিষ্ঠান। আপনারা জানেন, আমার বাবা এম আজিজ দীর্ঘদিন ধরে যুক্তরাষ্ট্রে ব্যবসা করছেন। তিনি বাংলাদেশ সোসাইটির নির্বাচিত প্রেসিডেন্ট ছিলেন। সুখ-দুঃখে কমিউনিটির মানুষের পাশে দাঁড়িয়েছেন।

তিনি আরও বলেন, এমন একটি অনুষ্ঠান আয়োজনের জন্য ধন্যবাদ জানাই। এ ধরনের আয়োজন বাঙালি কমিউনিটির মানুষের পরস্পর বন্ধনকে আরও দৃঢ় ও পরবর্তী প্রজন্মকে এগিয়ে নিতে সাহায্য করে।

ঢাকায় এবিসিসিআই’র বিজনেস নেটওয়ার্কিং ডিনার২৩ ডিসেম্বর

০০ পৃষ্ঠার পর

এবিসিসিআই’র ২১ সদস্যের নির্বাহী কমিটি কর্মকর্তাদের মধ্যে রয়েছেন: প্রেসিডেন্ট- আসেফ বারী টুটুল, সেক্রেটারী- ফাহাদ সোলায়মান এবং কোষাধ্যক্ষ বিলাল চৌধুরী। ৪৫ সদস্য বিশিষ্ট পরিচালনা পর্ষদেও উল্লেখ্যযোগ্য ব্যবসায়ীদের মধ্যে রয়েছেন চেয়ারম্যান গিয়াস আহমেদ, সদস্য যথাক্রমে হাসানুজ্জামান হাসান, আহমেদুল কবির বারো ভুইয়া, আজিজ আহমেদ, আবু হানিপ, এটর্নী মঈন চৌধুরী, জাকারিয়া মাসুদ জিকো, ফকরুল ইসলাম দেলোয়ার, তারেক হাসান খান, মুহাম্মদ আব্দুল কাদের ভূইয়া (শিশির), শাহরিয়ার রহমান, জাহিদ মিন্টু, একেএম ফজলুল হক, শাহ জে চৌধুরী, মোস্তাক আহমেদ, আতিকুল ইসলাম জাকির, আকিব হোসেন, মোহাম্মদ খালেক, মোহাম্মদ খলিলুর রহমান প্রমুখ।

কমিটি ঘোষণার পর শুভেচ্ছা বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি আসেফ বারী টুটুল, সাধারণ সম্পাদক ফাহাদ সোলায়মানসহ অন্যন্যারা। এছাড়াও সংবাদ সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন আনিসুল কবির জসির, জাকারিয়া মাসুদ জিকো, নূর আমিন, নুরুল আজিম, রিফাতি ফারুক, আলমগীর খান আলম, আতিকুল ইসলাম জাকির, মফিজুর রহমান, শাহ জে চৌধুরী, আসলাম হোসাইন প্রমুখ।

সংবাদ সম্মেলনে এবিসিসিআই প্রতিষ্ঠার কথা তুলে ধরে গিয়াস আহমেদ বলেন, আমরা আমেরিকান চেম্বারের সাথে কথা বলেছি, আমেরিকান চেম্বারের মেম্বারশীপ তখন আমরা নিয়েছিলাম এবং আমেরিকান মেম্বারের যে বর্তমান প্রেসিডেন্ট তাকে ‘আমেরিকান চেম্বার অব কমার্স ইন বাংলাদেশ’ (এমচ্যাম) গঠন করার জন্য আমরা অনুরোধ করি। আমরা যখন আমেরিকা-বাংলাদেশ চেম্বার গঠন করি তখন বাংলাদেশে কোনও ধরনের চেম্বার অব কমার্সের কার্যক্রম ছিলো না। আমরা কয়েকটি সভাও করেছি। কিন্তু প্রেসিডেন্ট তখন বলেছেন, বাংলাদেশে তারা এমচ্যাম গঠন করতে চান না, কারন বাংলাদেশে আমেরিকানদের কোন বিজনেস নেই। আজ থেকে ২০ বছর আগে বাংলাদেশে আমেরিকানদের তেমন কোন বিজনেস ছিলো না। সে কারনে এমচ্যাম গঠন করার জন্য তিনি রাজি হননি। পরবর্তীতে আমাদের অনুরোধে এমচ্যাম গঠিত হয়েছে এবং বাংলাদেশে আমরা আমেরিকানদের নিয়ে এ ব্যাপারে কয়েকটি সভাও করেছি।

গিয়াস আহমেদ জানান, এবিসিসিআই পূর্ব থেকেই কার্যক্রম পরিচালনা করলেও এ বছরের ফোবানা সম্মেলন আয়োজনের পর থেকে সংগঠনটি বিশেষভাবে সক্রিয় হয়েছে। নিউইয়র্কের ব্যবসায়ীদের নিয়ে পূর্বে সংগঠনের কমিটি গঠিত হলেও এবার যুক্তরাষ্ট্রের অন্যান্য ষ্টেটের ব্যবসায়ীদের সম্পৃক্ত করে একটি শক্তিশালী কার্যকরী কমিটি গঠন করা হয়েছে। এসময় তিনি বাংলাদেশে সাম্প্রতিক ছাত্র আন্দোলনের শিকারদের জন্য অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার ‘জুলাই স্মৃতি ফাউন্ডেশন’র তহবিলে ১ কোটি টাকা অনুদান দেয়ার ঘোষণা করেন।

গিয়াস আহমেদ বলেন, ঢাকার শেরাটন হোটেলে বিজনেস নেটওয়ার্কিং ডিনারে আমাদের লক্ষ্য হলো, ব্যবসায়িক উন্নয়নকে উৎসাহিত করা। অনাবাসী বাংলাদেশী (এনআরবি) হিসেবে বাংলাদেশের উন্নয়নে সাহায্য করার জন্য আমেরিকা ও বাংলাদেশের মধ্যে ব্যবসায়িক সেতু ও সংযোগ তৈরি করা। আমরা বাংলাদেশেও এবিসিসিআই’র একটি শাখা প্রতিষ্ঠা করতে যাচ্ছি।

প্রসঙ্গত গিয়াস আাহমেদ বলেন, ২০০১ সালে এবিসিসিআই গঠন করেছিলাম। বাংলাদেশে আমরা ককাসের মাধ্যমে চট্টগ্রামে ইউনিভার্সিটি ফর ওমেন প্রতিষ্ঠা করতে সহযোগিতা করেছিলাম। এটা এর আগে আরও কয়েকটি দেশ ভারত, নেপাল, পাকিস্তানও চেয়েছিলো। কিন্তু আমরা চট্টগ্রামে এটা প্রতিষ্ঠা করতে পেরেছি। আর এবিসিসিআই শুধু বিদেশের সাথে ব্যবসায়িক সুসম্পর্ক নিয়ে আলোচনায় ছিলো না। আমরা বাংলাদেশে গণতন্ত্রের প্রতিষ্ঠার জন্যও লড়াই করেছি। আমরা স্বাধীনতার পক্ষে এবং আমাদের মহান মুক্তিযুদ্ধের পক্ষেও কাজ করেছি। কারন বাংলাদেশে যদি গণতন্ত্র থাকে, ন্যায়বিচার থাকে তাহলে আমারা যারা প্রবাসে ব্যবসা করি আমাদের এ কার্যক্রম আরও সুফল হয়। ভিনদেশীরা আমাদেরকে সেভাবেই চিনবে।

সংবাদ সম্মেলনে আসেফ বারী টুটুল বলেন, নতুন কমিটির নেতৃত্বে ‘আমেরিকা বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এবিসিসিআই) সাংগঠনিকভাবে শক্তিশালী সংগঠন হবে বলে আমি বিশ্বাস করি। আমাদের প্রচেষ্টায় আমেরিকার বিভিন্ন ব্যবসায়ীক প্রতিষ্ঠানের সাথে বাংলাদেশের ব্যবসায়ীদের একটি যোগসূত্র তৈরী করতে আমরা সচেষ্ট থাকবো। নভেম্বরে লাগোয়ার্ডিয়া ম্যারিয়টে নতুন কমিটির অভিষেক আয়োজন করা হবে।

ফাহাদ সোলায়মান বলেন, প্রবাসে থাকলেও আমাদের মন এবং মননে সব সময় বাংলাদেশ গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে। যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের সাথে বাংলাদেশের ব্যবসা প্রতিষ্ঠানের নেটওয়ার্কিং সমৃদ্ধ করার আরো উদ্যোগ গ্রহণ করা হবে।

সংগঠনের অন্যতম ডিরেক্টর এনামুল হক এনাম জানান, বাংলাদেশের ব্যবসায়ী প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ, বিভিন্ন দুতাবাস কর্মকর্তা ও মিডিয়া কর্মীরা এই বিজনেস নেটওয়ার্কিং ডিনারে উপস্থিত থাকবেন। ২৩ ডিসেম্বরের ঢাকার বিজনেস নেটওয়ার্কিং ডিনারের মাধ্যমে আমরা ‘নতুন বাংলাদেশ’ গঠনের প্রচেষ্টাকে আরো এগিয়ে নিয়ে যাবো।

বিলাল চৌধুরী বলেন, ইতিমধ্যে আমাদের কয়েকজন সদস্য বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার ‘জুলাই স্মৃতি ফাউন্ডেশন’র তহবিলে ৫ হাজার ডলার করে অর্থ প্রদান করেছেন। যার পরিমান প্রায় ৩০ হাজার ডলার। আমরা এক কোটি টাকা বাংলাদেশের নতুন সরকারের হাতে তুলে দিতে সক্ষম হবো।

প্রবাসীদের প্রতিটি ডলার দেশের সব ব্যাংকে নিরাপদ

(শেষ পৃষ্ঠার পর)

বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার আহবান জানান

বিডস ও ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক এর যৌথ উদ্যোগে `the role of Non-resident Bangladeshis(NRBs) in rebuilding Bangladesh’s economic sectors’ শীর্ষক আলোচনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফার্স্ট ।

এই নভেম্বরে নির্বাচনে ভোট দেওয়ার সময়

আপনার ব্যালট এর পেছন পাতাটি দেখুন

জন্য গুরুত্বপূর্ণ প্রস্তাব
সরকারি সম্পত্তি পরিষ্কার করা,
জননিরাপত্তা আইন
এবং আরও থাকবে
অন্য দিকে!

আপনার ভোট মূল্যবান!

আপনার ব্যালট এর পেছন পাতাটি দেখতে ভুলবেন না!

NYC

The Weekly Bangla Patrika

Editor: **Abu Taher**
Tel: 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

বাংলাদেশে নির্বাচন কবে

বাংলাদেশে এখন ক্ষমতায় আছে একটি অরাজনৈতিক অন্তর্বর্তী সরকার। ছাত্র-জনতার অভ্যুত্থানের মুখে শেখ হাসিনা সরকারের পতনের পর অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে। এই সরকারের প্রধান উপদেষ্টাসহ অন্য উপদেষ্টারা শপথ নিয়েছেন সংবিধান অনুযায়ী, কিন্তু সংবিধানে অন্তর্বর্তী সরকারের কোনো বিধান নেই। ফলে এই সরকারের মেয়াদকালও নির্দিষ্ট নয়। সে জন্য অন্তর্বর্তী সরকার কত দিন ক্ষমতায় থাকবে, তা স্পষ্ট নয়। বলা হচ্ছে, প্রয়োজনীয় সংস্কার শেষে একটি ভালো নির্বাচন অনুষ্ঠানের পর নির্বাচিত সরকারের হাতে ক্ষমতা ছাড়বে অন্তর্বর্তী সরকার।

> “
> সংস্কার, নির্বাচন এবং দেশের সামগ্রিক পরিস্থিতি নিয়ে অন্তর্বর্তী সরকার দেশের রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করছে। অবশ্য আওয়ামী লীগ এবং আওয়ামী লীগের সহযোগী দল হিসেবে পরিচিত কোনো দলের সঙ্গে বৈঠক হবে না- এটা নিশ্চিত। এমনকি জাতীয় পার্টিও সম্ভবত ডাক পাচ্ছে না। সরকারের সঙ্গে মূলত বৈঠক করছে বিএনপি, জামায়াত এবং এ দুই দলের সঙ্গে যাদের কোনো না কোনোভাবে মৈত্রী বা যোগাযোগ আছে, তারা।

কত দিনে সংস্কার শেষ হবে আর কবে নির্বাচন হবে, তা স্পষ্ট করে বলবেন কে? সেনাবাহিনীর প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান একটি বিদেশী সংবাদমাধ্যমে সাক্ষাৎকার দিয়ে এক থেকে দেড় বছরের মধ্যে নির্বাচন হতে পারে বলে জানিয়েছিলেন। তবে পরে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস বলেছিলেন, ওটা সরকারের কথা নয়। তাহলে সরকারের কথা কোনটি, তা-ও পরিষ্কার করেননি তিনি। সে জন্য নির্বাচনের সময় নিয়ে ধোঁয়াশা কাটছে না।

গত ১৮ অক্টোবর আইন, বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা ড. আসিফ নজরুল বলেছেন, ২০২৫ সালের মধ্যে নির্বাচন দেওয়া হয়তো সম্ভব হবে। এটাও নিশ্চিত নয়, ‘হয়তো’। অবশ্য এক দিন পর নিজের বক্তব্যের ব্যাখ্যা দিয়ে আসিফ নজরুল বলেছেন, নির্বাচনের তারিখ ঘোষণার একমাত্র এখতিয়ার প্রধান উপদেষ্টার। তাহলে প্রশ্ন আসে, এখতিয়ারবহির্ভূত বক্তব্য অন্যরা দিয়ে কেন মানুষকে বিভ্রান্ত করছেন?

সংস্কার, নির্বাচন এবং দেশের সামগ্রিক পরিস্থিতি নিয়ে অন্তর্বর্তী সরকার দেশের রাজনৈতিক দলগুলোর সঙ্গে বৈঠক করছে। অবশ্য আওয়ামী লীগ এবং আওয়ামী লীগের সহযোগী দল হিসেবে পরিচিত কোনো দলের সঙ্গে বৈঠক হবে না- এটা নিশ্চিত। এমনকি জাতীয় পার্টিও সম্ভবত ডাক পাচ্ছে না। সরকারের সঙ্গে মূলত বৈঠক করছে বিএনপি, জামায়াত এবং এ দুই দলের সঙ্গে যাদের কোনো না কোনোভাবে মৈত্রী বা যোগাযোগ আছে, তারা।

সরকারের সঙ্গে বৈঠক করা সব দল কি একই রকম কথা বলছে? না, কিছু কিছু ভিন্নতা তো আছেই। যেমন বিএনপি চায় দ্রুত নির্বাচন, জামায়াত নির্বাচন চায় সংস্কারের পর। এর বাইরে অন্য ছোট দলগুলোর চাওয়ার মধ্যেও ভিন্নতা আছে। যেমন বাম ঘরানার দলগুলো নির্বাচনে সংখ্যানুপাতিক প্রতিনিধিত্বের দাবি করলেও কেউ কেউ আবার এই ব্যবস্থার বিরোধিতা করবে এই যুক্তিতে যে, নির্বাচন সংখ্যানুপাতিক হলে আওয়ামী লীগকে পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। আবার আওয়ামী লীগের মতো বড় দলকে বাইরে রেখে অংশগ্রহণমূলক নির্বাচন কীভাবে হবে, সেই প্রশ্নও আছে।

নির্বাচন নিয়ে অন্তর্বর্তী সরকারের বক্তব্যের সমালোচনা করে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, গণ-অভ্যুত্থান সফলকারী জনগণের সামনে অন্তর্বর্তী সরকারের মধ্যে কিছু কিছু ক্ষেত্রে সমন্বয়হীনতা স্পষ্ট হয়ে উঠতে শুরু করেছে। সরকারের বক্তব্যের গরমিল জনগণের মনে নানা ধরনের সন্দেহ-সংশয়ের উদ্রেক করে।

জনগণের মন থেকে নির্বাচন নিয়ে সংশয় দূর করতে সরকার কিছু করবে কি? এবং করলে সেটা কবে?

সফলতার ২৮ বছর
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com



পেশাদারত্ব ও গণতান্ত্রিক শাসন



মামুনুর রশীদ

কথায় কথায় আমরা যেকোনো কল্যাণমূলক কাজের জন্য পশ্চিমা বিশ্বকে ডেকে নিয়ে আসি। কিন্তু প্রাচ্য যে অনেক ভালো কাজের দৃষ্টান্ত স্থাপন করেছে, সেসব আমরা স্মরণ করি না। আমরা জাপানের উদাহরণ দিতে পারি। একেবারে ধ্বংসস্তূপ থেকে উঠে এসে মাত্র উনিশ-কুড়ি বছরের মাথায় একটা দেশকে তারা দাঁড় করিয়ে ফেলল এবং তার পরের কুড়ি বছরে পৃথিবীর অন্যতম একটি শিল্পায়ন উন্নয়ন ও গণতান্ত্রিক সমাজব্যবস্থা তৈরি করে ফেলল। চীন, তাইওয়ান, ভারতেও ব্যাপক শিল্পায়ন এবং জ্ঞানভিত্তিক সমাজব্যবস্থা গড়ে উঠেছে। এ সবগুলো রাষ্ট্রের মূলে রয়েছে পেশাদারত্ব এবং দেশপ্রেম।

যিনি রাজনীতি করেন, তিনি রাজনীতিতে সর্বোচ্চ পেশাদারত্ব দেওয়ার চেষ্টা করেন এবং গণমূল্যায়নকে গুরুত্বের সঙ্গে বিবেচনা করেন। যিনি প্রযুক্তি, গবেষণা এসব নিয়ে কাজ করেন, তাঁরা আন্তর্জাতিক বাজারে একটা সর্বশ্রেষ্ঠ জায়গা করার জন্য পেশাদারত্বকে মরিয়াভাবে গ্রহণ করেন। শিক্ষাদীক্ষার ব্যাপারে স্কুল, শিক্ষক, কারিকুলাম এসব বিষয়ে যাঁরা কাজ করে থাকেন, তাঁরাও পেশাদারত্বের ক্ষেত্রে একটা উদাহরণ সৃষ্টি করেন। আর আছে জাতীয় সংস্কৃতিঊঅতীতে সর্বশ্রেষ্ঠ সাংস্কৃতিক উপাদানগুলোকে বর্তমানে কাজে লাগিয়ে একটা মহৎ সমাজের দিকে যাওয়ার চেষ্টা করে।

চীনে বর্তমানে একদলীয় কমিউনিস্ট পার্টির শাসনব্যবস্থা থাকলেও উৎপাদনের ক্ষেত্রে ও সাংস্কৃতিক ক্ষেত্রে তারা একটা উন্নত জায়গায় পৌঁছে গেছে এবং উন্নততর জায়গায় পৌঁছানোর জন্য দিন-রাত পরিশ্রম করে যাচ্ছে। ভারতে দীর্ঘদিন একটা গণতান্ত্রিক ব্যবস্থা থাকায় যার যার ক্ষেত্রে পেশাদারত্ব দেখানোর একটা সুযোগ সৃষ্টি হয়েছে। রাজনৈতিক দলগুলো যদি জনগণের আশা-আকাঙ্খার পরিপূরক না হয়, তাহলে তার জবাবদিহির একটা ব্যবস্থা রয়েছে। কিন্তু আমাদের দুর্ভাগ্য, সাতচল্লিশে দেশ বিভাগের সময় আমরা ব্রিটিশের কাছ থেকে ভৌগোলিক এবং সম্পদগত কোনো হিস্যা আদায় করতে পারিনি। মোহাম্মদ আলী জিন্নাহ গভর্নর জেনারেল হলেন এবং পশ্চিম পাকিস্তানের বিষয়টি যেভাবে গুরুত্ব দিয়ে বিবেচনা করলেন, তেমনি পাকিস্তানের পূর্বাঞ্চল নিয়ে কোনো দর-কষাকষির চেষ্টাও তিনি করেননি। দুই দেশের সাম্প্রদায়িক শক্তি দাঙ্গায় মেতে ওঠে, মাঝখান থেকে ব্রিটিশ তার ২০০ বছরের সম্পদকে সুকৌশলে লুণ্ঠন করে নিয়ে যায়। তাদের এই ‘গ্রেসফুল এক্সিট’ এই উপমহাদেশকে গভীর দারিদ্র্যে নিপতিত করে গেছে।

কিন্তু ভারতে গণতান্ত্রিক ব্যবস্থা চালু করার জন্য এবং সরকারের জবাবদিহির বিষয়টি অক্ষুণ্ন রাখার জন্য সে দেশের রাজনীতিবিদেরা সর্বক্ষণ একটা সংগ্রামে নিয়োজিত ছিলেন। অন্যদিকে পাকিস্তানে গণতান্ত্রিক ব্যবস্থাগুলো বারবার ভেঙে চুরমার করার কারণে রাজনীতিতে কোনো পেশাদারত্ব আসেনি এবং সেনাশাসনের উপাদান গ্রহণ করে রাজনীতিবিদ ও স্পষ্টভাষী মানুষের জন্য কোনো জায়গা তৈরি হয়নি। রক্তক্ষয়ী সংগ্রামের ফলে দেশ স্বাধীন হলেও জবাবদিহি ও গণতান্ত্রিক রাষ্ট্রব্যবস্থার জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি করতে দেওয়া হয়নি।

১৮৬৫ সালে জাপান পেশিশক্তি এবং স্বৈরাচারের বিরুদ্ধে শোগানদের প্রতিহত করার জন্য মেইজি ইনফরমেশন শুরু করে এবং ১৯০০ সালের মধ্যে সে দেশের পুরো জনগণকে শিক্ষায় উদ্বুদ্ধ করতে সক্ষম হয়। তার মধ্যে প্রযুক্তিচিন্তা ও সংস্কৃতিচিন্তা দুটোই একসঙ্গে কাজ করেছে। আর আমরা ক্রমান্বয়ে মেধাবীদের ও গণতান্ত্রিক চিন্তাসম্পন্ন মানুষদের রাজনীতি থেকে বিচ্ছিন্ন করে দিয়েছি। এই পরিস্থিতিতে দেখা যায়, কিছু কিছু লোক যেমন অর্থের দিক থেকে আঙুল ফুলে কলাগাছ হয়েছেন, তেমনি রাজনীতিতেও আগন্তুকেরা নব্য শাসকগোষ্ঠীর অংশ হয়েছেন।

আমরা যখন ওইসব দেশে যাই তখন শুধু যে প্রযুক্তিগত বা উন্নয়নের দিকটা দেখি তা নয়, বিভিন্ন ক্ষেত্রে পেশাদারত্বেরও একটা সুস্পষ্ট চেহারা দেখতে পাই। নিজস্ব অর্থে এবং নিজস্ব প্রযুক্তিবিদদের দ্বারা বড় বড় স্থাপনা তারা নির্মাণ করছে এবং তা নিয়ে আবার জনগণের মধ্যে সরকারের পক্ষে-বিপক্ষে নানান ধরনের আলোচনা-পর্যালোচনাও হচ্ছে। তাদের কণ্ঠরোধ করার কোনো চেষ্টা দেখা যাচ্ছে না।

যদিও চীন এ ক্ষেত্রে ব্যতিক্রম। একদলীয় শাসনব্যবস্থার ফলে তারা বিরোধীদের বক্তব্যকে সামনে আসতে দেয় না। কিন্তু সেগুলোকে মূল্যায়ন করে তারা উন্নয়নের একটা পথ ঠিক খুঁজে বের করে। এসবের কারণে সেই দেশগুলোতে বড় ধরনের প্রযুক্তিবিদ, বৈজ্ঞানিক, রাজনৈতিক তাত্ত্বিক- এরা জন্ম নিয়েছে। কিন্তু আমাদের দেশে রাজনীতির মতো গুরুত্বপূর্ণ বিষয় থেকে মেধাবীরা সরে গিয়েছেন, চাকরিবাকরি নিয়েছেন অথবা বিদেশে পাড়ি জমিয়ে বিভিন্ন বিশ্ববিদ্যালয় বা নাসার মতো বড় ধরনের সংস্থায় যোগ দিয়ে নানা কৃতিত্বের অংশীদার হয়েছেন। আমরা শ্রমের মর্যাদা একেবারেই দিই না, কায়িক শ্রম যাঁরা করেন তাঁদের শ্রদ্ধা করতেও শিখিনি। ফলে তাঁরা একটি আনন্দহীন-সংস্কৃতিহীন জীবনযাপন করেন। তাই তাঁদের কাজে কোনো আনন্দের প্রতিফলন দেখা যায় না। কোনো কিছুকে অর্জন করার কৃতিত্বও তাঁদের মধ্যে দেখা যায় না।

সবচেয়ে বড় কথা হলো বুদ্ধিজীবীদের মধ্যে একটা আপসকামিতা সমগ্র জীবনবোধকে ধ্বংস করে দেয়। স্পষ্ট ভাষণে যাঁরা উদ্বুদ্ধ, তাঁদেরকে সমাজের ‘সিভিল ভয়েজ’ মানে, জনতার কণ্ঠস্বর হিসেবেও আমরা স্বীকৃতি দিই না। শিক্ষাক্ষেত্রে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদগুলো, বিশেষ করে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর, কলেজের অধ্যক্ষ, স্কুলের প্রধান শিক্ষক, প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক- তাঁরা সরকারের আশীর্বাদপুষ্ট হয়ে মানুষের অসম্মানের জায়গায় চলে যান। শিক্ষার্থীরাও এই প্রবণতাকে অত্যন্ত অমর্যাদাকর হিসেবে দেখে থাকে। দেশের চিকিৎসকেরা কেউ যদি ভালো চিকিৎসক হন, তখনই চট করে প্রশ্ন ওঠে- তিনি কি সরকারের মানুষ? তা না হলে সারা জীবন তাঁকে সরকারের ন্যায্য পদোন্নতি থেকে বঞ্চিত করা হয়ে থাকে।

আমার একজন অত্যন্ত পরিচিত দক্ষ চিকিৎসক আছেন, যিনি কোনো এক সময় সরকারের বিরোধিতা করেছিলেন। তার জন্য তাঁকে আজীবন শুরুর পদটিতেই থাকতে হয়েছে, কোনো পদোন্নতি হয়নি। অথচ তিনি এ দেশের একজন অন্যতম শ্রেষ্ঠ চিকিৎসক। একজন চিকিৎসকের ক্ষেত্রে, একজন দক্ষ প্রকৌশলীর ক্ষেত্রে, একজন উন্নতমানের শিল্পীর ক্ষেত্রে অপেশাদার রাজনীতিবিদেরা এই কাজটি আমাদের দেশে চিরদিন করে এসেছেন। একটি বাক্য প্রায়ই উচ্চারিত হয়- ‘উনি কি আমাদের লোক?’ এই রাজনীতিবিদেরা কখনো ভাবেন না- তিনি তো এই দেশেরই লোক- আমাদের শ্রেষ্ঠ চিকিৎসক, আমাদের শ্রেষ্ঠ প্রযুক্তিবিদ কিংবা আমাদের শ্রেষ্ঠ শিল্পী। জনগণের হৃদয়ে তিনি আছেন। তাহলে তাঁকে নিগৃহীত করা মানে তাঁর অধিকারকে অস্বীকার করা। এটি কি মানবাধিকার লঙ্ঘন নয়?

এ ব্যাপারে আমাদের মানবাধিকারকর্মীরা কোনো কথা বলেন না! সমস্যা হচ্ছে মানবাধিকার, দারিদ্র্যবিমোচন, সিভিল সোসাইটি বা সুশীল সমাজড়- সবই এনজিওগুলোর। এই গণবিচ্ছিন্ন এনজিওগুলো একটা সময়ের অপেক্ষায় থাকে, যখন দেশে রাজনৈতিক সংকট আসে। অনেকের ভাগ্য তখন খুলে যায়, মন্ত্রীর পদমর্যাদা পেয়ে যান তাঁরা। যেন পূর্বগগন থেকে কিছু অশ্বারোহীর মতো তাঁরা অবতীর্ণ হন। কিন্তু নির্বাচন হয়ে যাওয়ার পর তাঁরা মূল্যহীন হয়ে পড়েন। তবে বিদেশি ফান্ডিং এজেন্সিগুলোর কাছে তাঁদের গুরুত্বটা বেড়ে যায়।

আমাদের একটি চৌকস সেনাবাহিনী আছে। যারা পেশাগত কাজে যথেষ্ট দক্ষ বলে পৃথিবীর বিভিন্ন জায়গায় যেখানে জাতিসংঘ শান্তি স্থাপন করতে চায়, সেখানে একটা বড় মর্যাদায় প্রতিষ্ঠিত হয়েছে। অনেক সুশিক্ষিত তরুণ জোয়ান এই সেনাবাহিনীর সঙ্গে আছেন।

তাঁদের মধ্যে অনেক ডক্টরেট এবং এমবিএ, বিবিএ ডিগ্রিধারীরাও আছেন। ১৯৯০ সালে স্বৈরাচারের সময়ে তারা একটি ভূমিকা পালন করেছে। এরপরে এই সুদীর্ঘ সময়ে তারা কখনো রাষ্ট্রক্ষমতায় আসেনি। তার কারণ অনেক। কিন্তু এবারে আমরা তাদের বাধ্য করেছি জনপ্রশাসনের সঙ্গে যুক্ত হতে। তারা প্রথমে সবিনয়ে প্রত্যাখ্যান করেছে, কারণ রাজনীতি, সরকার গঠন তথা রাষ্ট্র পরিচালনা তাদের কাজ নয়। আসলেই রাজনীতি তাদের কাজ নয়, তারা একধরনের পেশাজীবী। নিজেদের কাজটিকে ভালোভাবে করার জন্য তারা বিভিন্ন প্রশিক্ষণ নিয়ে থাকে। কিন্তু অতীতে তারা রাষ্ট্র শাসন করেছে এবং তার ফলাফলটা সুদূরপ্রসারীভাবে যে ভালো হয়নি, এটা তারা বেশ উপলব্ধিও করতে পেরেছে।

বর্তমানে সেনাবাহিনী সিভিল প্রশাসনে বা কোনো ধরনের আন্দোলন দমানোর কাজে তেমনভাবে যুক্ত হচ্ছে না, এটা উচিতও নয়। কিন্তু জনগণ শান্তি চায়। তাদের ধারণা জন্মেছে, রাজনৈতিক দলের চেয়ে সেনাবাহিনী অনেকটাই নিরপেক্ষতা অবলম্বন করছে। কিন্তু দীর্ঘদিন মাঠপর্যায়ে বা প্রশাসনে থাকলে তারাও মিয়ানমার, চীন অথবা আফ্রিকার কোনো দেশের মতো হয়ে যেতে পারে। তবে কোনো না কোনোভাবে সরকার যেহেতু মুখ্য রাজনৈতিক শক্তি, তাই সরকারকে রক্ষা করার জন্য তাদের প্রয়োজন পড়ে। এবারে সেই জায়গা থেকে তারা নিজেদের বিযুক্ত করার জন্য প্রথম থেকে সচেষ্ট থেকেছে।

কিন্তু যেহেতু অন্তর্বর্তী সরকারগুলোর পেছনে কোনো রাজনৈতিক শক্তি থাকে না, তাই সেনাবাহিনীই তাদের একমাত্র ভরসা হয়ে ওঠে। তবে সেখানেও দ্বন্দ্ব আছে। কারণ, আন্দোলনের শক্তির সঙ্গে সেনাবাহিনীর শক্তির মতবিরোধ হওয়া খুবই স্বাভাবিক। তবে আন্দোলনের শক্তিকে ভাবতে হবে যার যার পেশাদারত্বকে সম্মান করে প্রত্যেকের ক্ষেত্রে কাজ করার সুযোগ সৃষ্টি করে দেওয়া, যেন সেটা একটা বিরল উদাহরণ হয়ে থাকে। শত শত মামলা এবং নানান ধরনের শাস্তি দিয়ে দেশকে গণতান্ত্রিক করা যায় না।

লেখক: নাট্যব্যক্তিত্ব

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি
মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪

প্রার্থীদের তালিকা এবং শহর আর ষ্টেটের প্রস্তাবনাগুলো (পরিবর্তন হতে পারে) – ক্রমশ

প্রস্তাবনাগুলো:

সকল ভোটকেন্দ্রে প্রতিটি প্রস্তাবনার একটি অনুলিপি পাওয়া যাবে। ভোটারগণ বোর্ড অব ইলেকশনসের সকল বরো অফিস থেকেও সংগ্রহ করতে পারেন।

এক নম্বর প্রস্তাবনা, অসম আচরণ থেকে রক্ষা করার সংশোধনী

এই প্রস্তাবটি যৌন দৃষ্টিভঙ্গি, লিঙ্গ পরিচয় এবং গর্ভাবস্থা সহ জাতিসত্তা, জাতীয়তা, বয়স, অক্ষমতা এবং লিঙ্গের উপর ভিত্তি করে অসম আচরণের বিরুদ্ধে সুরক্ষা প্রদান করবে। এটি প্রজনন স্বাস্থ্যসেবা এবং স্বায়ত্তশাসনের উপর ভিত্তি করে অসম আচরণ থেকেও সুরক্ষা প্রদান করে। একটি "হ্যাঁ" ভোট এই সুরক্ষাগুলিকে নিউইয়র্ক ষ্টেটের সংবিধানের ভিতরে বজায় রাখে । একটি "না" ভোট এই সুরক্ষাগুলিকে নিউইয়র্ক ষ্টেটের সংবিধানের বাইরে রাখে।

হ্যাঁ
না

দুই নম্বর প্রস্তাবনা, একটি প্রশ্ন: সর্বজনীন প্রপার্টি পরিষ্কার করা

এই প্রস্তাব অনুযায়ী রাস্তা এবং অন্যান্য শহরের প্রপার্টি পরিষ্কার করার জন্য স্যানিটেশন বিভাগের ক্ষমতা প্রসারিত এবং স্পষ্ট করতে এবং পাত্রে ময়লা ফেলার জন্য সিটি চার্টার সংশোধন করবে। স্যানিটেশন বিভাগের ক্ষমতা বাড়াতে এবং রাস্তা এবং অন্যান্য শহরের সম্পত্তি পরিষ্কার করার জন্য, "হ্যাঁ"-তে ভোট দেওয়া এবং পাত্রে ময়লা ফেলার নিয়ম স্পষ্ট করতে প্রয়োজন হবে। "না" হিসেবে ভোট দিলে আইন পরিবর্তন করা হবে না।

হ্যাঁ
না

তিন নম্বর প্রস্তাবনা, একটি প্রশ্ন: প্রস্তাবিত আইনের খরচের অতিরিক্ত অনুমান এবং বাজেটের সময়সীমার আপডেট প্রদান করা

এই প্রস্তাব শহরের চার্টার সংশোধন করবে আইনের শুনানি ও ভোটের আগে কাউন্সিলের আর্থিক বিশ্লেষণের প্রয়োজন, মেয়রের থেকে আর্থিক বিশ্লেষণ অনুমোদন করবে এবং বাজেটের সময়সীমা আপডেট করবে। "হ্যাঁ"-তে ভোট দিলে শহরের চার্টার সংশোধন করা হবে যাতে স্থানীয় আইনে শুনানি ও ভোটের আগে অন্যান্য আর্থিক বিশ্লেষণের প্রয়োজনের বিষয়ে এবং বাজেটের সময়সীমা আপডেট করা হয়। "না" হিসেবে ভোট দিলে আইন পরিবর্তন করা হবে না।

হ্যাঁ
না

চার নম্বর প্রস্তাবনা, একটি প্রশ্ন: জননিরাপত্তা আইনে ভোটের আগে অতিরিক্ত নোটিশ ও সময়

পুলিশ, সংশোধন বা ফায়ার ডিপার্টমেন্টের জননিরাপত্তা কার্যক্রমের বিষয়ে সিটি কাউন্সিলের ভোটের আগে এই প্রস্তাবের জন্য অতিরিক্ত পাবলিক নোটিশ এবং সময়ের প্রয়োজন হবে।"হ্যাঁ" ভোট দিলে পুলিশ, সংশোধন বা ফায়ার ডিপার্টমেন্টের জননিরাপত্তা কার্যক্রমের বিষয়ে কাউন্সিলের ভোটের আগে অতিরিক্ত নোটিশ ও সময়ের প্রয়োজন হবে। "না" ভোট দিলে আইন অপরিবর্তিত থাকবে।

হ্যাঁ
না

পাঁচ নম্বর প্রস্তাবনা, একটি প্রশ্ন: ক্যাপিটাল সংক্রান্ত প্ল্যানিং

এই প্রস্তাবটি শহরের চার্টার সংশোধন করবে যেখানে শহরের সুবিধার বার্ষিক মূল্যায়নে আরও বিশদ প্রয়োজন হয়, এই সুবিধার জন্য ক্যাপিটাল সংক্রান্ত প্ল্যানিং জানাতে হবে এবং ক্যাপিটাল সংক্রান্ত প্ল্যানিংয়ের সময়সীমা আপডেট করতে হবে । শহরের সুবিধা সংক্রান্ত রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়তার মূল্যায়ন করার সময়, "হ্যাঁ" ভোট দেওয়ার জন্য আরও বিশদে বিবরণ প্রয়োজন হবে, ম্যান্ডেট যে সুবিধার ক্যাপিটাল সংক্রান্ত প্ল্যানিং জানাতে হবে এবং ক্যাপিটাল সংক্রান্ত প্ল্যানিংয়ের সময়সীমা আপডেট করতে হবে। "না" হিসেবে ভোট দিলে আইন পরিবর্তন করা হবে না।

হ্যাঁ
না

ছয় নম্বর প্রস্তাবনা, একটি প্রশ্ন: সংখ্যালঘু এবং মহিলা মালিকানাধীন ব্যবসায়িক এন্টারপ্রাইজ (MWBE), সিনেমার পারমিট এবং আর্কাইভ করা পর্যালোচনা বোর্ড

এই প্রস্তাবটি শহরের চার্টার সংশোধন করে চিফ বিজনেস ডাইভারসিটি অফিসার (CBDO) প্রতিষ্ঠা করবে, মেয়রকে সিনেমার পারমিট ইস্যু করে এমন অফিস মনোনীত করতে এবং আর্কাইভ করা বোর্ডকে একত্রিত করার ক্ষমতা প্রদান করবে। "হ্যাঁ" ভোট দিলে MWBE-কে সমর্থন করার জন্য CBDO প্রতিষ্ঠিত হবে, যে অফিসটি সিনেমার পারমিট ইস্যু করে সেই অফিসকে মনোনীত করার জন্য মেয়রকে অনুমোদন দেবে এবং দুটি বোর্ডকে একত্রিত করবে। "না" হিসেবে ভোট দিলে আইন পরিবর্তন করা হবে না।

হ্যাঁ
না

নিউ ইয়র্ক কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে নিউ ইয়র্ক কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা নির্ধারিত ডিসট্রিক্টের সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী – নিম্নোক্ত অফিসের পদ-প্রার্থী:

প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট
-সমগ্র শহরের জন্য,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kamala D. Harris/ Tim Walz
রিপাবলিকান Donald J. Trump/ JD Vance
কনজারভেটিভ Donald J. Trump/ JD Vance
ওয়ার্কিং ফ্যামিলিস Kamala D. Harris/ Tim Walz

মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটর
-সমগ্র শহরের জন্য,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kirsten E. Gillibrand
রিপাবলিকান Michael D. Sapraicone
কনজারভেটিভ Michael D. Sapraicone
ওয়ার্কিং ফ্যামিলিস Kirsten E. Gillibrand
লারউচ Diane Sare

সুপ্রিম কোর্টের বিচারপতি
-১ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ২

ডেমোক্র্যাটিক Cynthia Sharon Kern
ডেমোক্র্যাটিক Gerald Lebovits

সিভিল কোর্টের বিচারক
-কাউন্টি -নিউ ইয়র্ক,
 # নির্বাচিত হবে: ৬

ডেমোক্র্যাটিক Louis L. Nock
ডেমোক্র্যাটিক Malaika Scott-McLaughlin
ডেমোক্র্যাটিক Allison R. Greenfield
ডেমোক্র্যাটিক Harold E. Bahr
ডেমোক্র্যাটিক Elizabeth Y. Shamahs
ডেমোক্র্যাটিক Crystal Villasenor

কংগ্রেস প্রতিনিধি
-১০ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Daniel Goldman
রিপাবলিকান Alexander Dodenhoff
কনজারভেটিভ Paul J. Briscoe

কংগ্রেস প্রতিনিধি
-১২ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jerrold L. Nadler
রিপাবলিকান Michael K. Zumbluskas
ওয়ার্কিং ফ্যামিলিস Jerrold L. Nadler

কংগ্রেস প্রতিনিধি
-১৩ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Adriano Espaillat
রিপাবলিকান Ruben D. Vargas
কনজারভেটিভ Ruben D. Vargas

স্টেট সিনেটর
-২৬ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Andrew S. Gounardes
রিপাবলিকান Vito J. Labella
কনজারভেটিভ Vito J. LaBella
ওয়ার্কিং ফ্যামিলিস Andrew S. Gounardes

স্টেট সিনেটর
-২৭ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Brian Kavanagh
ওয়ার্কিং ফ্যামিলিস Brian Kavanagh

স্টেট সিনেটর
-২৮ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Liz Krueger
রিপাবলিকান Louis Puliafito

স্টেট সিনেটর
-২৯ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jose M. Serrano
রিপাবলিকান Tanya Carmichael
কনজারভেটিভ Tanya Carmichael
ওয়ার্কিং ফ্যামিলিস Jose M. Serrano

স্টেট সিনেটর
-৩০ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Cordell Cleare
ওয়ার্কিং ফ্যামিলিস Cordell Cleare

স্টেট সিনেটর
-৩১ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Robert Jackson
ওয়ার্কিং ফ্যামিলিস Robert Jackson

স্টেট সিনেটর
-৪৭ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Brad Hoylman-Sigal
রিপাবলিকান Emily Yuexin Miller
ওয়ার্কিং ফ্যামিলিস Brad Hoylman-Sigal

স্টেট সিনেটর
-৫৯ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kristen Gonzalez
ওয়ার্কিং ফ্যামিলিস Kristen Gonzalez

অ্যাসেম্বলি সদস্য
-৩৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Claire Valdez
ওয়ার্কিং ফ্যামিলিস Claire Valdez

অ্যাসেম্বলি সদস্য
-৬১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Charles D. Fall

অ্যাসেম্বলি সদস্য
-৬৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Grace Lee
ওয়ার্কিং ফ্যামিলিস Grace Lee

অ্যাসেম্বলি সদস্য
-৬৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Deborah J. Glick

অ্যাসেম্বলি সদস্য
-৬৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Linda B. Rosenthal
ওয়ার্কিং ফ্যামিলিস Linda B. Rosenthal

অ্যাসেম্বলি সদস্য
-৬৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Edward Gibbs

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি
মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪

প্রার্থীদের তালিকা এবং শহর আর ষ্টেটের প্রস্তাবনাগুলো (পরিবর্তন হতে পারে)

অ্যাসেম্বলি সদস্য
-৬৯ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Micah C. Lasher

অ্যাসেম্বলি সদস্য
-৭০ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jordan J.G. Wright
রিপাবলিকান Seson Adams

অ্যাসেম্বলি সদস্য
-৭১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Al Taylor
রিপাবলিকান Joziel Andujar

অ্যাসেম্বলি সদস্য
-৭২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Manny De Los Santos
ওয়ার্কিং ফ্যামিলিস Manny De Los Santos

অ্যাসেম্বলি সদস্য
-৭৩ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Alex Bores
রিপাবলিকান Awadhesh Gupta
ওয়ার্কিং ফ্যামিলিস Alex Bores

অ্যাসেম্বলি সদস্য
-৭৪ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Harvey D. Epstein
ওয়ার্কিং ফ্যামিলিস Harvey D. Epstein

অ্যাসেম্বলি সদস্য
-৭৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Tony Simone
ওয়ার্কিং ফ্যামিলিস Tony Simone

অ্যাসেম্বলি সদস্য
-৭৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Rebecca A. Seawright
ওয়ার্কিং ফ্যামিলিস Rebecca A. Seawright

সিভিল কোর্টের বিচারক -ডিসট্রিক্ট
-১ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট -
নিউ ইয়র্ক,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Ilona B. Coleman

সিভিল কোর্টের বিচারক -ডিসট্রিক্ট
-২ নম্বর মিউনিসিপাল কোর্ট
ডিসট্রিক্ট -নিউ ইয়র্ক,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Alice Tam Tien

সিভিল কোর্টের বিচারক -ডিসট্রিক্ট
-৫ নম্বর মিউনিসিপাল কোর্ট
-নিউ ইয়র্ক,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Ralph L. Wolf

সিভিল কোর্টের বিচারক -ডিসট্রিক্ট
-৮ নম্বর মিউনিসিপাল কোর্ট
-নিউ ইয়র্ক,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jose A. Padilla Jr.

সিভিল কোর্টের বিচারক -ডিসট্রিক্ট
-১০ নম্বর মিউনিসিপাল কোর্ট
-নিউ ইয়র্ক,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক J. Machelle Sweeting

ব্রনক্স কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে ব্রনক্স কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা নির্ধারিত ডিসট্রিক্টের সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী -নিম্নোক্ত অফিসের পদ-প্রার্থী:

প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট
-সমগ্র শহরের জন্য,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kamala D. Harris/ Tim Walz
রিপাবলিকান Donald J. Trump/ JD Vance
কনজারভেটিভ Donald J. Trump/ JD Vance
ওয়ার্কিং ফ্যামিলিস Kamala D. Harris/Tim Walz

মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটর
-সমগ্র শহরের জন্য,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kirsten E. Gillibrand
রিপাবলিকান Michael D. Sapraicone
কনজারভেটিভ Michael D. Sapraicone
ওয়ার্কিং ফ্যামিলিস Kirsten E. Gillibrand
লারউচ Diane Sare

সুপ্রিম কোর্টের বিচারপতি
-১২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Matthew Parker-Raso

সিভিল কোর্টের বিচারক
-কাউন্টি-ব্রনক্স,
 # নির্বাচিত হবে: ৬

ডেমোক্র্যাটিক Eliezer Rodriguez
ডেমোক্র্যাটিক Deidra Moore
ডেমোক্র্যাটিক Dawn Guglielmo
ডেমোক্র্যাটিক Scott Krompinger
ডেমোক্র্যাটিক Angel Cruz
ডেমোক্র্যাটিক Diomarys Escano-Bell

কংগ্রেস প্রতিনিধি
-১৩ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Adriano Espaillat
রিপাবলিকান Ruben D. Vargas
কনজারভেটিভ Ruben D. Vargas

কংগ্রেস প্রতিনিধি
-১৪ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Alexandria Ocasio-Cortez
রিপাবলিকান Tina Forte
কনজারভেটিভ Tina Forte
ওয়ার্কিং ফ্যামিলিস Alexandria Ocasio-Cortez

কংগ্রেস প্রতিনিধি
-১৫ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Ritchie Torres
রিপাবলিকান Gonzalo Duran
কনজারভেটিভ Gonzalo Duran
লারউচ Jose Vega

কংগ্রেস প্রতিনিধি
-১৬ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক George S. Latimer
রিপাবলিকান Miriam Levitt Flisser

স্টেট সিনেটর
-১১ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Toby Ann Stavisky
রিপাবলিকান Yiatin Chu
কনজারভেটিভ Yiatin Chu
ওয়ার্কিং ফ্যামিলিস Toby Ann Stavisky

স্টেট সিনেটর
-২৯ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jose M. Serrano
রিপাবলিকান Tanya Carmichael
কনজারভেটিভ Tanya Carmichael
ওয়ার্কিং ফ্যামিলিস Jose M. Serrano

স্টেট সিনেটর
-৩১ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Robert Jackson
ওয়ার্কিং ফ্যামিলিস Robert Jackson

স্টেট সিনেটর
-৩২ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Luis R. Sepulveda
রিপাবলিকান Bernadette E. Stroud
কনজারভেটিভ Bernadette E. Stroud

স্টেট সিনেটর
-৩৩ নম্বর সিনেটরিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক J. Gustavo Rivera
রিপাবলিকান Dion J. Powell
কনজারভেটিভ Dion J. Powell
ওয়ার্কিং ফ্যামিলিস J. Gustavo Rivera

স্টেট সিনেটর
-৩৪ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Nathalia Fernandez
রিপাবলিকান Edwinna Herrera
কনজারভেটিভ Edwinna Herrera

স্টেট সিনেটর
-৩৬ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jamaal T. Bailey
কনজারভেটিভ Irene Estrada

অ্যাসেম্বলি সদস্য
-৭৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Landon C. Dais
রিপাবলিকান Norman Sobe McGill
কনজারভেটিভ Elianni Del Carmen
Tejada Fabian

অ্যাসেম্বলি সদস্য
-৭৮ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক George A. Alvarez
রিপাবলিকান John Santiago
কনজারভেটিভ John Santiago

অ্যাসেম্বলি সদস্য
-৭৯ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Chantel Jackson
রিপাবলিকান Sharon Darby
কনজারভেটিভ Emmanuel A. Findlay Jr.

অ্যাসেম্বলি সদস্য
-৮০ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক John Zaccaro Jr.
রিপাবলিকান Nicholas Marricco
কনজারভেটিভ Grace Marrero

অ্যাসেম্বলি সদস্য
-৮১ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Jeffrey Dinowitz
রিপাবলিকান Kevin Pazmino
কনজারভেটিভ Kevin Pazmino

অ্যাসেম্বলি সদস্য
-৮২ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Michael Benedetto
রিপাবলিকান Juan De la Cruz
কনজারভেটিভ Juan De la Cruz

অ্যাসেম্বলি সদস্য
-৮৩ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Carl E. Heastie
রিপাবলিকান Stephanie Liggio
কনজারভেটিভ Stephanie Liggio

অ্যাসেম্বলি সদস্য
-৮৪ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Amanda N. Septimo
রিপাবলিকান Rosaline Nieves
কনজারভেটিভ Tyreek Goodman
ওয়ার্কিং ফ্যামিলিস Amanda N. Septimo

অ্যাসেম্বলি সদস্য
-৮৫ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Emerita Torres
রিপাবলিকান Kelly Atkinson
কনজারভেটিভ Gary W. Lutz

অ্যাসেম্বলি সদস্য
-৮৬ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Yudelka Tapia
রিপাবলিকান Woodrow Hines Jr.
কনজারভেটিভ Darney Rivers

অ্যাসেম্বলি সদস্য
-৮৭ নম্বর অ্যাসেম্বলি ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Karines Reyes
ওয়ার্কিং ফ্যামিলিস Karines Reyes

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি
মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪

প্রার্থীদের তালিকা এবং শহর আর ষ্টেটের প্রস্তাবনাগুলো (পরিবর্তন হতে পারে)

সিভিল কোর্টের বিচারক -ডিসট্রিক্ট -২ নম্বর মিউনিসিপাল কোর্ট ডিসট্রিক্ট -ব্রনক্স,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Brenda L. Rivera

কিংস কাউন্টি

দ্যা বোর্ড অব ইলেকশনস ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক নির্বাচনী আইনের ৪-১২০ এবং ৪-১২২ ধারার বিধান অনুযায়ী, এতদ্বারা বিজ্ঞপ্তি প্রদান করছে যে কিংস কাউন্টির সাধারণ নির্বাচন মঙ্গলবার, ৫ নভেম্বর, ২০২৪ তারিখে সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। ব্যালটে নিম্নে উল্লেখ করা নির্ধারিত ডিসট্রিক্টের সরকারি অফিস এবং পদের জন্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:

সকল দলীয় এবং স্বতন্ত্র প্রার্থী -নিম্নোক্ত অফিসের পদ-প্রার্থী:

প্রেসিডেন্ট/ভাইস প্রেসিডেন্ট
-সমগ্র শহরের জন্য,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kamala D. Harris/ Tim Walz
রিপাবলিকান Donald J. Trump/ JD Vance
কনজারভেটিভ Donald J. Trump/ JD Vance
ওয়ার্কিং ফ্যামিলিস Kamala D. Harris/ Tim Walz

মার্কিন যুক্তরাষ্ট্রের সিনেটর
-সমগ্র শহরের জন্য,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Kirsten E. Gillibrand
রিপাবলিকান Michael D. Sapraicone
কনজারভেটিভ Michael D. Sapraicone
ওয়ার্কিং ফ্যামিলিস Kirsten E. Gillibrand
লারউচ Diane Sare

সুপ্রিম কোর্টের বিচারপতি
-২ নম্বর জুডিশিয়াল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ৭

ডেমোক্র্যাটিক Adam D. Perimutter
ডেমোক্র্যাটিক Inga M. Oneale
কনজারভেটিভ Inga M. Oneale
ডেমোক্র্যাটিক Lisa Lewis
ডেমোক্র্যাটিক Sharen D. Hudson
কনজারভেটিভ Sharen D. Hudson
ডেমোক্র্যাটিক Keisha Alleyne
কনজারভেটিভ Keisha Alleyne
ডেমোক্র্যাটিক Christopher J. Robles
কনজারভেটিভ Christopher J. Robles
ডেমোক্র্যাটিক Jeffrey S. Sunshine
কনজারভেটিভ Jeffrey S. Sunshine

সিভিল কোর্টের বিচারক
-কাউন্টি -কিংস,
 # নির্বাচিত হবে: ৬

ডেমোক্র্যাটিক Alexis Riley
ডেমোক্র্যাটিক Turquoise Haskin
ডেমোক্র্যাটিক Tehilah H. Berman
ডেমোক্র্যাটিক Tawanna Marie St Louis
ডেমোক্র্যাটিক Abayomi O. Whint
ডেমোক্র্যাটিক Mark Kagan

-৭ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Nydia M. Velazquez
রিপাবলিকান Bill Kregler
কনজারভেটিভ Bill Kregler
ওয়ার্কিং ফ্যামিলিস Nydia M. Velazquez

কংগ্রেস প্রতিনিধি
-৮ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Hakeem S. Jeffries
রিপাবলিকান John J. Delaney
কনজারভেটিভ John J. Delaney

কংগ্রেস প্রতিনিধি
-৯ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Yvette D. Clarke
রিপাবলিকান Menachem M. Raitport
কনজারভেটিভ Menachem M. Raitport

কংগ্রেস প্রতিনিধি
-১০ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Daniel Goldman
রিপাবলিকান Alexander Dodenhoff
কনজারভেটিভ Paul J. Briscoe

কংগ্রেস প্রতিনিধি
-১১ নম্বর কংগ্রেশনাল ডিসট্রিক্ট,
 # নির্বাচিত হবে: ১

ডেমোক্র্যাটিক Andrea S. Morse
রিপাবলিকান Nicole Malliotakis
কনজারভেটিভ Nicole Malliotakis

সাংগঠনিকভাবে দায়িত্ব পালন করেছেন বিয়ানীবাজার সমিতির কার্যকরী পরিষদে। ছিলেন এই সংগঠনের নির্বাচন কমিশনারও। জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির বর্তমান যুগ্ম সম্পাদক। রিজু মোহাম্মদের বাবা আব্দুল খালেক লালু বিশিষ্ট রাজনীতিক ও সমাজসেবক।

সিটির সাবওয়েতে উইপেন স্ক্যানারে ভুয়া সতর্ক সংকেত!

০০ পৃষ্ঠার পর

এনওয়াইডিপি'র প্রতিবেদনে দেখা যায়, গত ১ মাসে ৩ হাজারটি স্ক্যান হয়, যার মধ্যে ১১৮টিরও বেশি মিথ্যা ছিলো। এছাড়া ১২টি ছুড়িসহ ছোট ব্লেড সনাক্ত হয়েছে। মেয়র এরিক অ্যাডামস গত গ্রীষ্মে নিউইয়র্কের ২০টি স্টেশনে ২হাজার ৭৪৯টি পোর্টেবল স্ক্যানার স্থাপনের ঘোষণা করেন।

হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস

(প্রথম পৃষ্ঠার পর)

প্রেসিডেন্ট নির্বাচন নিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের সর্বশেষ জরিপে ডেমোক্রেটিক পার্টির প্রার্থী কমলা হ্যারিসের চেয়ে এগিয়ে গেছেন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। বিশ্লেষকরা বলছেন, নির্বাচনে ব্যবধান গড়ে দিতে পারে দোদুল্যমান অঙ্গরাজ্যগুলো। তাই ভোটারদের কাছে টানতে সেসব অঙ্গরাজ্যে শেষ মুহূর্তের প্রচার চালিয়ে যাচ্ছেন কমলা ও ট্রাম্প। প্রেসিডেন্ট নির্বাচনের বাকি আর মাত্র কয়েক দিন। তীব্র লড়াইয়ের আভাস সর্বত্র। দেশের তিনটি কলেজ-ফাঙ্কলিন, মার্শাল ও মেরিস্ট এবং সংবাদমাধ্যম ওয়াল স্ট্রিট জার্নাল পরিচালিত সবশেষ জরিপে ডেমোক্রেটিক প্রেসিডেন্ট পদপ্রার্থী কমলা হ্যারিসের চেয়ে এগিয়ে গেছেন রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্প। এছাড়া মেরিস্ট কলেজের জরিপে অ্যারিজোনায় এক পয়েন্টে ও নর্থ ক্যারোলাইনায় দুই পয়েন্টে এগিয়ে রাখা হয়েছে ট্রাম্পকে। জর্জিয়ায় কমলা ও ট্রাম্প দুজনকেই জনসমর্থন দেখানো হয়েছে ৪৯ শতাংশ করে। অপরদিকে, ফ্রাঙ্কলিন ও মার্শাল কলেজের জরিপে পেনসিলভেনিয়ায় ট্রাম্পের সমর্থন ৫০ শতাংশ ও কমলার পক্ষে ৪৯ শতাংশ ভোটার রয়েছেন। ট্রাম্পের জন্য সুখবর নিয়ে এসেছে ওয়াল স্ট্রিট জার্নালের জরিপও। তাতে দেখা গেছে, দেশব্যাপী জনপ্রিয়তায় কমলার চেয়ে এগিয়ে আছেন তিনি। ট্রাম্প পেয়েছেন ৪৭ শতাংশ আর তার প্রতিদ্বন্দ্বী কমলা পেয়েছেন ৪৫ শতাংশ জনসমর্থন। এর আগে গেল আগস্টে আরেকটি জরিপ করেছিল সংবাদমাধ্যমটি। সেসময় ট্রাম্পের চেয়ে দুই পয়েন্টে এগিয়ে ছিলেন কমলা।

এদিকে, বৃহস্পতিবার ডোনাল্ড ট্রাম্প দোদুল্যমান অঙ্গরাজ্য অ্যারিজোনা ও নেভাদায় একাধিক স্থানে জনসভা করেছেন। আর সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামাকে সঙ্গে নিয়ে জর্জিয়ার আটলান্টায় প্রচারণা চালিয়েছেন কমলা হ্যারিস। ভোটারদের কাছে টানতে শেষ মুহূর্তের প্রচারণায় এখন ব্যস্ত কমলা হ্যারিস ও ডোনাল্ড ট্রাম্প। অন্যদিকে, যুক্তরাষ্ট্রে আগাম ভোটেরও হিড়িক পড়েছে। এখন পর্যন্ত তিন লাখেরও বেশি মানুষ আগাম ভোট দিয়েছেন। শনিবার বাংলাদেশী অধ্যুষিত নিউইয়র্কে শুরু হয়েছে আগাম ভোট।

প্রেসিডেন্ট নির্বাচনে ডলারের ছড়াছড়ি

(প্রথম পৃষ্ঠার পর)

সামনে রেখে রিপাবলিকান প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের পক্ষে সরাসরি প্রচারে নেমেছেন বিশ্বের শীর্ষ ধনী ইলন মাস্ক। তিনি একটি পিটিশনে দোদুল্যমান রাজ্যগুলোতে যারা ট্রাম্পকে ভোট দিতে চান, তাদের স্বাক্ষর সংগ্রহ করছেন। গত ১৯ অক্টোবর শনিবার থেকে ওই পিটিশনে স্বাক্ষরক-ারীদের থেকে প্রতিদিন একজনকে ১০ লাখ ডলার অর্থ পুরস্কার দেওয়া হচ্ছে। এ বিষয়ে ইলন মাস্কের পলিটিক্যাল অ্যাকশন গ্রুপকে সতর্ক করে চিঠি দিয়েছে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ। অক্টোবরের প্রথম ১৫ দিনে আমেরিকা পিএসি বা পলিটিক্যাল অ্যাকশন কমিটিকে ৪৪ মিলিয়ন ডলার দিয়েছেন টেসলার প্রধান নির্বাহী কর্মকর্তা সিইও ইলন মাস্ক। আমেরিকা পিএসি রিপাবলিকান পার্টির প্রেসিডেন্ট প্রার্থী ডোনাল্ড ট্রাম্পের পক্ষে কাজ করছে। বৃহস্পতিবার কেন্দ্রীয় নির্বাচন কমিশনের প্রকাশিত এক নথিতে এ তথ্য উঠে এসেছে। মাস্কের মতো সরাসরি সম্পৃক্ততা না থাকলেও কমলাকে সমর্থন করা সংস্থায় গোপনে পাঁচ কোটি ডলার অনুদান দিয়েছেন বিশ্বের আরেক শীর্ষ ধনী বিল গেটস।

এদিকে আসন্ন নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প এবং ডেমেক্র্যাট পার্টির প্রার্থী কমলা হ্যারিসের মধ্যে হাড্ডাহাড্ডি লড়াইয়ের আভাস পাওয়া গেছে। ফলে মাস্কের পিটিশনকাণ্ডের বৈধতা নিয়ে প্রশ্ন উঠেছে। আইন বিশেষজ্ঞরা বলছেন, মাস্কের এই কাজ নির্বাচনী আইনের লঙ্ঘন। এই ক্যাম্পেইন নির্বাচনী আইনলঙ্ঘন করছে বলে মাস্ককে সতর্ক করেছে যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ। এদিকে, নির্বাচনে ডেমোক্র্যাট পার্টির প্রার্থী কমলা হ্যারিসের প্রচার শিবিরে প্রায় ৫ কোটি ডলার অনুদান দিয়েছেন মাইক্রোসফটের সহ-প্রতিষ্ঠাতা বিল গেটস। বিশ্বের অন্যতম শীর্ষ স্থানীয় ধনী বিল গেটস কয়েক দশক ধরেই রাজনীতির বাইরে। একটি অলাভজনক সংস্থা ফিউচার ফরোয়ার্ডের মাধ্যমে এই অনুদান দেওয়া হয়েছে। কমলার সমর্থনে বাইরে থেকে তহবিল সংগ্রহ করা প্রধান গ্রুপ এটি। কমলাকে সমর্থন করা সংস্থাকে অনুদান দেওয়ার খবর প্রকাশিত হওয়ার পর এ নিয়ে একটি বিবৃতি দিয়েছেন গেটস। তবে নিজের বিবৃতিতে কমলাকে সমর্থন বা অনুদান নিয়ে সরাসরি কিছু বলেননি বিল গেটস।

বাংলাদেশ সোসাইটির নির্বাচনের ফলাফল ঘোষণার চিত্র

















★ Vote for ইয়াটিন চু ★

YIATIN CHU

for State Senate 11

ভোট দিন
পরিবর্তনের জন্য



- Restore Public Safety
- Fix Bail Reform
- Secure the Borders
- Oppose Creedmoor Migrant Shelter
- Defund Debit Cards to Migrants
- Keep SHSAT + Expand G&T
- Build More Excellent Schools in Queens

EARLY VOTING
OCT 26-NOV 3
VOTE
NOV 5

IT'S TIME FOR CHANGE

PAID FOR YIATIN CHU FOR NEW YORK

সাহিত্য সাময়িকী

নিজেকে দেখার সময়
নাসরীন নঈম

এলোমেলো পায়ে কতরাতে
প্রেমিক ঢুকেছে পাড়ায় বেপাড়ায়
মেয়েটার আনাবাজ পড়া দুপুর নিউমার্কেটে ঘোরাঘুরি সন্ধ্যা কেমন
ফিকে হয়ে যায় তাকে দেখে
হৃদয়ে দেবালয় কেঁপে কেঁপে ওঠে।

মধ্য বয়সী বৌগুলো সেবাদাসী হয়ে যায় এ সংসারে এবার তো মহাশয়
পাড়ায় পাড়ায় আড়মোড়া ভাঙবে পৃথক আনন্দে।

চাঁদের তৈরি ঘরবাড়ি বনে জঙ্গলে আসর জমায়
গাছপালা পাখপাখালি
পলাশের ডালে কিচির মিচির করে অন্তর কাঁপায়
নদী তীরে কুমিরের রোদ পোহানোর দিন শেষ।

এ বড়ো বিচিত্র ভূমি, বিচিত্র সকাল
আলোকে ঝলকে বিশাল আকাশ জুড়ে সেই জ্বলন্ত
মাচার ছাই ভস্ম মানুষ
বড় বহুরূপী ডুবকালি
কার যেন ফেলে যাওয়া পালকের গায়ে এই পৃথিবী দুলছে।

এখন শুধু গজ ফিতা দিয়ে
নিজেকে মেপে দেখার সময়।

বীজতলা
আতাউর রহমান মিলাদ

মূর্তকে বিমূর্ত করেছো জীবন্তকে লাশ
মানুষ তুমি আনছো ডেকে কাহার সর্বনাশ!
সর্বনাশের আগুন লেগে বাড়বে যে বিদ্বেষ
সে সব ধোঁয়া ছুঁয়ে যাবে সকল পড়শি দেশ

বোমার আঘাতে গেছে থেমে সমূহ কলরব
বয়ে নিয়ে যাচ্ছে দেখো একে অপরের শব
দৌড়ায়, আশ্রয়হীন মানুষ, সময় যাচ্ছে বেড়ে
কষ্টের শিশুরা যায় চলে বিদায়ের হাত নেড়ে

যতোই করো আঘাত, মনোবল কী কমে!
তাদের স্বপ্ন ছড়িয়ে পড়ছে বিশ্বমাঝে ক্রমে
কালো কফিনে বন্দী হচ্ছে মুক্তির যত গান
কালের পিঠে হেলান দেয়া আগামীর সন্তান

মানুষ মরে স্বপ্ন মরে না জাগবে মাটি খুঁড়ি
গৃহের চিহ্ন খুঁজে নেবে ঠিক-ই উত্তরসূরী

কফিন
পারভীন শাহনাজ

সেই ঘুণপোকাটা অনেকদিন লাপাত্তা ছিল
হঠাৎ আবার তার উপদ্রব শুরু হয়েছে
এবার একেবারে হৃৎপিন্ডের মধ্যিখানে বাসা বেঁধেছে
অথচ তোমরা ঘরময় কীটনাশক স্প্রে করছো নিয়ম করে
উঠোনের সজনে গাছটা কবে যে এতটা যৌবনবতী হলো কে জানে!
আর ঘুলঘুলিতে আসা চড়ুইয়ের দল কবে থেকেই বা এত শান্ত হলো,
একদম কিচিরমিচির করা ভুলে গেছে!
কতদিন আমি কোনো নদী দেখিনি, শুধু স্বপ্নে দেখি একটা ডিঙি
নৌকায় চন্দনায় ভাসছি আমি একা
আমার দমবন্ধ লাগে, দক্ষিণের জানালাটা খুলে দাও না মা
পাশের ফ্ল্যাটের তমালরা তো সেই কবেই চলে গেছে
সত্যি বলছি আমি আর কখনো পালাতে চাইব না
কারণ অনেক আগেই পেরেক ঠুকে আমাকে কফিনে বন্দি করেছ তোমরা
মৃত মানুষ কি পালাতে পারে মা?

মানচিত্রের পাশে মামণির লাশ
আশরাফ হাসান

নিদ্রার সেফটি জোন ভেঙ্গে কারা যেনো ঢুকে পড়ে
এখন ঘুম মানে বিচিত্র সব শব্দচিত্র
দরোজায় লাথি.... ধপাস
পরপর প্রচন্ড শব্দে ক'টি গুলি.... ভয়ার্ত চীৎকার
থেমে থেমে ক্রন্দন.... পাক হানাদার তবে কি এলো আবারও?
পাশ ফেরাতেই দেখি ধেয়ে আসছে ধোঁয়া
মুহুর্মুহু বিস্ফোরণ.... হেলিকপ্টার গানশিপ
বাড়ির ছাদে খেলনা মানচিত্রের পাশে মামণির লাশ

উলঙ্গ রাস্তায় গুলিবিদ্ধ সাথীকে যে টেনে আনছে
হায়েনার তিন নম্বর গুলি তার হাঁটুকেও আরক্তিম জড়িয়ে ধরে

এখন ঘুম মানে ক্ষণেক পরপর ঘুম ভেঙ্গে যাওয়া
কারা যেনো ধাওয়া খেয়ে এগিয়ে আসছে এদিকে
প্রাণ বাঁচাতে
অথচ একটিও ঘর নেই এ বিশাল ভূখন্ডে
ভাসমান শেওলার মতো ভাসছে খন্ড-বিখন্ড পতাকা.... বর্গমাইল
এখন ঘুম মানে তোমার ফিরে আসার অসীম অনিশ্চয়তায়
তন্দ্রাভুক কেঁপে কেঁপে ওঠা
মনের ইজারা দেওয়া সকল কামরায়ও হানা
হন্যে হয়ে খুঁজে কারা প্রেমপত্র.... প্রেমালাপ, অনিবার্য তোমার আসার সম্পাতে

সূর্যলাল আয়রনডোম ভাঙ্গছে....
ছিন্নভিন্ন জায়নবাদ উড়ছে ইস্রাফিলের ঘূর্ণীর অন্তিমাশায়

এখন ঘুম মানে বিচিত্র সব শব্দচিত্র...
ঘুম মানে শিশুকে আগলে রাখা বিনিদ্র মায়ের মেহদিরাঙা বলিষ্ঠ দুটি হাত

মৌচাক বাজার
কাউসারী রোজী

চৌকোস হৃদয় ঝিলিকমাখা বাউলীমুখ
তাজ্জব বিড়ালের কাঁচ চোখ,
নীল সিরামিক রঙা শাড়ি
উচ্চাঙ্গ সঙ্গীতের শনচুল উড়া
নির্ভার কুঁচকানো শীতফাটা ঠোঁট
আগ্রহী মৃৎশিল্পের ঝরকা উপস্থাপন।

শতমাইল মেয়েটি হেঁটেছে
ভেঙ্গেছে খানাখন্দ, তবদা দেওয়া
মেয়াদী পানির উপর মশাডিম অস্বিত্বহীন।

চুরি হওয়া ধারাপাত, আমপারা, এক্কাদোক্কা,
বৈচি, সাতচারা, ডাংগুলি, এপেনডি বাইসকোপ।
অগ্নিবিদ্যা মুছে ফেলে, আগুনমুখো চত্বরে
মেয়েটি দাঁড়ায় উদ্দেশ্যহীন।

ওদিকে যাস্ না- কথা শুনে নাই
উজানী কথা শুনে না
তাই সংসার হিসসা চেয়েছে।
পুরুষানুক্রমে জনপদ ধর্ষণে বাদ্যযন্ত্র, ডাঙায় মাছ।
সংঘবদ্ধ পিঁপড়ার আক্রমণে কেউ বাঁচে না
পায়ের শব্দ আর বাজে না
অন্যপথে শেষবেলায় স্থিতি তার মৌচাক বাজারে।

মাষ্টার-মাইন্ড
জেবুন্নেছা জোৎস্না

জন্মের উৎসবে মৃত্যুর ফোয়ারা
হ্যামিলনের বাঁশিতে নিখোঁজ যুবকরা-
আলোর তরঙ্গে কাঁপে তারুণ্যে ফোটন-
অস্ত্রের সম্মুখে লাঠির লড়াই- অসূর দমন!

প্যাডেল চালিয়ে ছুটছে রিক্সাওয়ালা, নুর মোহাম্মেদ-
দৃশ্যটিতে নেই কোন কাট বা রি-টেক
পাদানিতে আড়াআড়ি ঝুলে আছে
গুলিবিদ্ধ নাফিসের লিকলিকে দেহ তার
মাথায় প্যাঁচানো দেশের পতাকা, হৃদয়ে বাংলার স্নেহ!
মনে পড়ে ৭১ য়ের সেই দিনগুলি:
"মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি"!

জীবনের অন্তর্গত লড়াইয়ের আহ্বানে-
জাতির স্কন্ধের অভিশপ্ত সিসিফাসের পাথর সরাতে
ছাত্ররা মিছিলে : দলে দলে আসে প্রান্তিক মানুষ
নগর কেন্দ্রিক, গৃহস্থ ভাবুক- জনতার মঞ্চে....
গণঅভ্যুত্থানে- এখানে মাষ্টারমাইন্ড বিপ্লবী সকলে!

জোড়াতালি
সাজ্জাদুর রহমান

আয়নার সামনে দাঁড়িয়ে নিজেকে দেখি
অস্পষ্ট মানুষের মুখ
মায়ের মুখে, প্রেমিকার চোখে
লেগে আছে ঘোর বিপত্তির অন্ধকার।
কথা দিয়ে কথা না রাখার ভিড়ে
লোকালয়ের স্মৃতিকথা জংলার স্বাস্থ্যসদন
সবুজ পৃথিবীপৃষ্ঠে এ কোন অসুখ দৌরাত্ম্য
যার ভয়ে স্বাস্থ্যবিজ্ঞান লাপাত্তা?

কিছুটা বোঝা যায়, রাত গভীর
সাপে কাটা চাঁদ ওঝার ভেল্কিতে ধৃত
নক্ষত্রের ভাঁজে ভাঁজে গুটিয়ে আছে
বীভৎস মৃত্যুর গোঙানি
প্রেমিকার দুই হাতে ছটফট করে চাঁদ সওদাগর
কি অসুখ জানে সব লোক
জানে না প্রতিকার কোন বনৌষধে কিংবা নিরাময়!

আমার আয়নায় শহর কিংবা গ্রামের পৃষ্ঠায়
রক্তের দাগ আর প্রাণ ভাঙার শব্দ আর
নদীর বুক চিরে ভেসে যায় কালো অক্ষরের গোঙানি।

জ্যোৎস্না কাটা সরোবরে প্রেমিকযুগল
নষ্ট ক্ষতের প্রজন্ম সেলাই করে
পাপ-পঙ্কিলে বসে সফেদ মানুষগুলো
জোড়াতালি দেয় ছেঁড়া পারদ।



অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূণঃ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law

www.gehilaw.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ব ঠরংধঃর সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেল্স ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা ॥ শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea NYSSCPA



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

banglapatrikausa@gmail.com
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

আবশ্যক

আবশ্যকঃ ব্রঙ্কস এ অবস্থিত ইন্ডিয়ান রেস্টুরেন্টের জন্য একজন অভিজ্ঞ কারী শেফ আবশ্যক। যোগাযোগঃ ৩৪৭-৪৩২-১৫১৯।

আবশ্যকঃ জ্যাকসন হাইটস এ মেডিকেল অফিসে লাইসেন্স ফিজিসিয়ানের সাথে কাজ করার জন্য লাইসেন্সধারী একজন ফিজিসিয়ান এ্যাসিস্ট্যান্ট (চঅ) নিয়োগ দেয়া হবে। বাংলা জানতে হবে। যোগাযোগঃ ৬৪৬-৫৩৩-২১০২.

লোক আবশ্যকঃ

Smoke shop, Lotto convinience store এ কাজ জানা অভিজ্ঞ ফুল টাইম কাজের লোক আবশ্যক। বেতন ক্যাশ পে করা হবে। Address: 408, 83rd St, Elmhurst, NY 11373. Cell: 929-355- 1461.

লোক আবশ্যকঃ

সাবওয়ে রেস্টুরেন্টে এর জন্য রাতের জন্য (Over night) লোক আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৬৯-১০৬৬.

আবশ্যকঃ

সাবওয়ে রেস্টুরেন্টে কাজের জন্য অভিজ্ঞ লোক প্রয়োজন। ভালো ইংরেজি জানতে হবে। 25- 27B parsons blvd. Cheque payment only.। ফোন-৩৪৭-২১৭-০৪৭২ (জেরি)।

আবশ্যকঃ

ম্যানহাটানে অবস্থিত ক্যান্ডি স্টোরের জন্য লোক আবশ্যক। যোগাযোগঃ ৯১৭-৭১৪-২৩৬০, ৯১৭-৪০০-৭৯১১.

আবশ্যকঃ

এস্টোরিয়াতে অবস্থিত ইঞ্জুরি ল' অফিসের জন্য অভিজ্ঞ সেক্রেটারি প্রয়োজন। প্রার্থীকে ইঞ্জুরি ল' অফিসের কর্মের সার্টিফিকেট দিতে হবে। যোগাযোগ: ৭১৮-২৬৭-১৮০০ অথবা রিজ্যুমি প্রেরণ করুন:
southeasternmgm@gmail.com

পাত্র-পাত্রী

পাত্রী চাই:

ফ্যামিলি-ওরিয়েন্টেড, ভদ্র, সায়েন্টিস্ট (পিএইচডি অধ্যায়নরত-ঈঝ), বয়স: ২৭, উচ্চতা: ৫'৮", কমপ্লেক্সশন: উজ্জ্বল শ্যামলা, পার্মানেন্ট রেসিডেন্ট পাত্রের জন্যে কমপ্যাটিবল পাত্রী চাই। পাত্র ব্রিফলি ডিভোর্সড।

যোগাযোগ:

abdurrahman.bd144@gmail.com
(পাত্র নিজে)

হাউজ কিপিং জব করতে চাই

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। ঘন্টায় ৫/১০ ডলার বেতন পেলেই চলবে। যোগাযোগ: গডফ্রে রোজারিও (প্রাক্তন অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)।
ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯ অথবা ৩৪৭-৮৪৯-৭৫২৩

রুমমেট

রুমমেট আবশ্যক : নিউইয়র্ক সিটির ইস্ট এলমাস্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রিটের উপরে এক তলায় এবং দ্বি-তলায় রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

রুমমেটঃ এ মাস থেকে ১ জন রুমমেট আবশ্যক। এলমহার্স্ট সাবওয়ে সাথে। একজন মেয়ের সাথে শেয়ারে থাকার জন্য। একজন মেয়ে বা মহিলা আবশ্যক। ৪২-২৫, লেটন স্ট্রীট। ৯২৯-৪০১-৯৫০১.

রুমমেট আবশ্যকঃ ৯০ স্ট্রীট ৭ ট্রেন সাবওয়ের নিকটে এপার্টমেন্ট বিল্ডিং এ অধূমপায়ী একজন হিন্দু রুমমেট আবশ্যক। জুলাই শেষ থেকে ভাড়ার যোগাযোগঃ ৩৪৭-৮৩২-৮১৫৫.

রুমমেটঃ রুমমেট আবশ্যক। এস্টোরিয়া স্টাইনওয়ে স্ট্রীট এম, আর ট্রেনের অতি নিকটে একজন অধূমপায়ী রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৭১৮-৭৭২-৪৮৭৯.

রুমমেটঃ জ্যামাইকায় জুলাই মাস থেকে একজন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৬৪৬-৮৯৭-৮৯৭৮.

রুমমেটঃ জ্যাকসন হাইটস প্রাইম লোকেশন ৭৩ স্ট্রীট ৩৫ এভিনিউ, (আপনা বাজারের সামনেই) এপার্টমেন্ট বিল্ডিং এ কর্মজীবী পুরুষ ১জন, জুলাই মাস থেকে (বিল সহ ৫৬০ ডলার) ভাড়া হবে। যোগাযোগ: ৬৪৬ ৬৬৭ ৯০২০

রুমমেটঃ রুমমেট আবশ্যক। জ্যাকসন হাইটস এলাকায় সাবওয়ের নিকটে মনোরম পরিবেশ জুলাই থেকে রুমমেট আবশ্যক। ফোনঃ ৩৪৭-৩৪৫- ৯৩২৪.

রুমমেটঃ রুমমেট চাই। জ্যাকসন হাইটস/ সানিসাইডের সাবওয়ের সন্নিকটে ব্যাচেলারদের সাথে থাকার জন্য অধূমপায়ী, মদ্যপ নহে পরিচ্ছন্ন রুমমেট চাই। ৯২৯-৩২৮-৭০৭৯, ৬৪৬-৯৪৪-২২১২.

রুম ভাড়াঃ ১লা জুলাই হতে জ্যাকসন হাইটস এলমহার্স্ট হসপিটাল, এম ও আর সাবওয়ের সাথে একটি বড় বেডরুম সাবলেট দেয়া হবে। (স্বামী- স্ত্রী/ ছাত্রীর) কাছে। যোগাযোগঃ ৭১৮-৬৯৬-৭৬৮১, ৪৭৫-২০৯-০৩৯৪.

বাসা ভাড়া

বেসমেন্ট ভাড়াঃ

৯৩-২৮ ১৯৭ স্ট্রীট, জ্যামাইকা, হলিস, নিউইয়র্ক-১১৪২৩ বেসমেন্ট -এ ১ বেড, ১ বাথ, লিভিং, ডাইনিং, কিচেনসহ ভাড়া হবে। ফোনঃ ৯১৭-৪৪৬-৮২৮৬.

বেসমেন্ট ভাড়াঃ

জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে, ১লা আগষ্ট থেকে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: ৯১৭ ৮৬৩-৯০০২.

সেমিবেসমেন্ট ভাড়াঃ

জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ

নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে। Right by the J, Z train line at Cleveland ST. Also close to A, C train line at Van Siclen Ave.
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়া:

১ঃঃ ফ্লোর , একজন চাকুরী জীবি মহিলার নিকট ১লা অক্টোবর থেকে ভাড়া হবে। ১৪৪ (১৪৪) স্ট্রিট এফ ট্রেন (F train) সংলগ্ন।
ফোন- ১ (৬৪৬) ৬২৪-৯৪৮৪

রুম ভাড়া:

১লা অক্টোবর থেকে একটি বড় রুম ভাড়া দেয়া হবে. শুধুমাত্র একজন মহিলার/মেয়ের জন্য। জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং ১৮৭ রাস্তার কাছে। পাতাল রেল এবং সমস্ত বাস থেকে হাঁটার দূরত্ব। বিস্তারিত জানতে text বা call (কল) করুন: ৯১৭-৫৬১-২৭৪৫, ৯২৯- ৬০৩-৬৬৯৬

বাসা ভাড়া :

ব্রুকলিনের ই-নিউইয়র্কে এলাকায় Van sicken subway থেকে ১ ব্লক দূরে (between Pitkin and Miller ave) ৩বেডরুমের বাসা ভাড়া হইবে (৩য় তালা)।
যোগাযোগ- রুবী ৮৪৮-৩৯১-৩৫৪০ ধন্যবাদ ।

বাসা ভাড়াঃ

কুইন্সের জ্যামাইকায় ২ বেড ১বাথ এবং ২ বেড ২ ব্যাথরুমের ২ টি বাসা অগাস্ট/সেপ্টেম্বরের ১ তারিখ থেকে ভাড়া দেওয়া হবে। যোগাযোগঃ রনজিত সাহা | 347- 235-7322 (9am-11pm)

বাসা ভাড়াঃ

বাসা ভাড়া হবে। ৩২ ১৭, ৭২ স্ট্রীট, ১ম তলা, ইস্ট এলমহার্স্ট, নিউইয়র্ক-১১৩৭০ এ দুই বেডরুম এর বাসা ভাড়া হবে জুলাই থেকে। ভাড়া ২৬০০ ডলার।
যোগাযোগঃ ৩৪৭-৯৩৫-৫৯২৫.

রুম ভাড়া:

১ অক্টোবর থেকে একটি বড় রুম ভাড়া দেয়া হবে. শুধুমাত্র একজন মহিলার/মেয়ের জন্য। জামাইকার হিলসাইড অ্যাভিনিউ এবং ১৮৭ রাস্তার কাছে। পাতাল রেল এবং সমস্ত বাস থেকে হাটার দূরত্ব। বিস্তারিত জানতে কল করুন: ৯১৭-৫৬১-২৭৪৫, ৯২৯- ৬০৩-৬৬৯৬.

বাসা ভাড়াঃ

জ্যামাইকা ১৭৭-২২, ১০৬ রোড, এক ব্লক দূরে বাস স্টপ এফ ট্রেন সাবওয়ে থেকে ১০/১২ মিনিট হাঁটার পথ। বাসার কাছেই মসজিদ। একটি তিন বেড, দুই বাথ, লিভিং রুম, কিচেন, ভাড়া দেয়া হবে। নভেম্বর মাস থেকে। মাসিক ভাড়া ৩০০০ ডলার (সব বিলসহ)। যোগাযোগ করুনঃ ৬৪৬-৩৩১-৫৬৫২.

বেসমেন্ট ভাড়াঃ

জ্যামাইকা মুসলিম সেন্টার মান্নান গ্রোসারী ই ট্রেন হি লসাইড এবং টিলি পার্কের সন্নিকটে দুই বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। ৩৪৭-২৫৯-২৯৫৪, ৩৪৭-২৫৫ ৪৮৪৬.

বাসা ভাড়াঃ

October থেকে ২ room full attic বাথরুম কিচেন। গ্যাস বিদ্যু ওয়াইফাইসহ বাংলাদেশি গ্রোসারী, মসজিদ ও F train subway এর নিকটে 187/91 avenue Jamaica ভাড়া হবে।
ফোনঃ ৯১৭- ৬৩৪-৪৮৬৫.

এপার্টমেন্ট ভাড়াঃ

উডসাইড, কুইন্স, নিউইয়র্ক এপার্টমেন্ট ভাড়া হবে। ৩ বেডরুম, লিভিং এবং এক বাথরুম। যোগাযোগঃ সৌরভ: ৯২৯-৩৬৪-৬১৭৪, ৭১৮-২০৫-৯৬৩৬.

বাসা ভাড়াঃ

জ্যামাইকা ইয়র্ক কলেজের পাশে ই ট্রেন সংলগ্ন ২ বেডরুম ২ বাথ রুমসহ বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ৭১৮-৩৫০-৬৫৬৭, ৯২৯-৬০৬-৫১৩৪.

evmv fvov:

Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693.
যোগাযোগ : 347-635-0705.

বেসমেন্ট ভাড়াঃ

বেসমন্ট ভাড়া হবে। ভাড়া ১৬০০ ডলার। শুধু স্বামী-স্ত্রীর জন্যে অগ্রাধিকার। ৩৪-১৫ ৯১ স্ট্রীট। ৭ ট্রেন সংলগ্ন। ভাড়া এ মাস থেকে রেডি। কল করুন : ৩৪৭-৯৫২ ৬১৩৬.

স্টুডিও ভাড়াঃ

একটি স্টুডিও ভাড়া হবে। ১লা আগস্ট থেকে। মাত্র ২ মাসের জন্য। ৩৪ এভিনিউ এবং ৭৩ স্ট্রীট-এ। ৩৪৭-৩৪৫-৫২৪৩, ৩৪৭-৬৫৩-০৬৩২.

সেমিবেজমেন্ট ভাড়া :

কুইন্সের উডসাইডে (৩১-১২, ৬০ স্ট্রিট) দুই বেডরুম, ইট-ইন কিচেন, বাথরুম (স্ট্যান্ডিং শাওয়ার)সহ একটি সেমিবেজমেন্ট আগামী পহেলা আগস্ট থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ : ৯১৭-৬১৭-৪৯১৯।

বাসা ভাড়াঃ

২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ

জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য।
যোগাযোগঃ ৯২৯-২৬১- ৯৯৪১.

বাসা ভাড়াঃ

রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ

বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ।
যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ

জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ

জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার।
ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

সেমিবেসমেন্ট ভাড়াঃ

কুইন্স ভিলেজ হিলসাইড এভিনিউ ২১৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে সেমিবেসমেন্ট অধূমপায়ী কর্মজীবী দম্পতি/ মহিলার নিকট ভাড়া দেয়া হবে। নিকটে মসজিদ, গ্রোসারী। ভাড়া আলোচনা সাপেক্ষে।
৯১৭-৯৪৫-২০৭৫.

House for Rent:

3 bed rooms in Parkchester, Bronx, rent $3200. On sutter Ave. in East New York/ Ozone Parki, 4 beds, 2 baths, rent $3500. In Saint Albans, 4 beds, 2 baths duplex. Rent $4000. We accept City PHEPS & Section 8.
Please call to rent : 347-465-3220 Kamruz Zaman Baccu or
email:
kamruzbaccu1@gmail.com

House for rent:

(1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :

3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:

1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:

2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Help wanted:

GRAPHICS DESIGN WANTED. Need Experiences with Photoshop / Illustrator. We do payroll if you have work authorizing papers. Send resumes (mail: mkamal951@gmail.com, Cell: 646-945- 6794. Al Print and Computer Center 17020A Hillside Ave NY 11432.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.

ড্রাইভারঃ TLC **বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ ৬৪৬-৭০৪-৫৭৪৯.**

অন্তরে যা আছে তা বের করে আনা হবে

জাফর আহমাদ

আল্লাহ তা'আলা বলেন,"এবং বুকের মধ্যে যা কিছু (লুকায়িত) আছে সব বের করে এনে যাচাই করা হবে।"(সুরা আদিয়াত:১০)

বুকের মধ্যে যেমন: ইচ্ছা ও নিয়ত, স্বার্থ ও উদ্দেশ্য, চিন্তা, ভাবধারা এবং বাহ্যিক কাজের পেছনে যেসব গোপন অভিপ্রায় লুকিয়ে আছে সেসব খুলে সামনে রেখে দেয়া হবে। সেগুলো যাচাই করে ভালো ও খারাপগুলোকে আলাদা আলাদা করে দেয়া হবে। অন্য কথায় শুধুমাত্র বাইরের চেহেরা দেখে মানুষ বাস্তবে যা কিছু করেছে সে সম্পর্কে শেষ সিদ্ধান্ত শুনিয়ে দেয়া হবে না। বরং মনের মধ্যে লুকানো রহস্যগুলোকে বাইরে বের করে এনে দেখা হবে যে, মানুষ যেসব কাজ করেছে তার পেছনে কি উদ্দেশ্য ও স্বার্থ-প্রেরণা লুকিয়ে ছিল।

এ বিষয়টি চিন্তা করলে মানুষ একথা স্বীকার না করে পারে না যে, আসল ও পুর্ণাঙ্গ ইনসাফ একমাত্র আল্লাহর আদালত ছাড়া আর কোথাও কায়েম হতে পারে না। নিছক বাইরের কাজকর্ম দেখে কোন ব্যক্তিকে শাস্তি দেয়া যায় না বরং কি উদ্দেশ্যে সে এ কাজ করেছে তাও দেখতে হবে। পৃথিবীতে ধর্মহীন আইন ব্যবস্থাগুলোও নীতিগতভাবে একথা জরুরী মনে করে। তবে নিয়ত ও উদ্দেশ্য সম্পর্কে অনুসন্ধান চালিয়ে তার সঠিক চেহেরা সনাক্ত করার মতো উপকরণ দুনিয়ার কোন আদালতেরও নেই। একমাত্র আল্লাহই এ কাজ করতে পারেন একমাত্র তিনিই মানুষের প্রত্যেকটি কাজের বাইরের চেহারার পেছনে যে গোপন প্রেরণা ও উদ্দীপনা সক্রিয় থাকে তা যাচাই করে সে কোন ধরনের পুরস্কার বা শাস্তির অধিকারী হতে পারে তা নির্ধারণ করতে পারেন।

তাছাড়া আয়াতের শব্দাবলী থেকে একথা সুস্পষ্ট যে মনের ভেতরে ইচ্ছা,সংকল্প ও নিয়ত সম্পর্কে আল্লাহ পূর্বাহ্নেই যে জ্ঞান রাখেন নিছক তার ভিত্তিতে এ ফায়সালা করা হবে না। বরং কিয়ামতের দিন এ রহস্যগুলো উন্মুক্ত করে সবার সামনে রেখে দেয়া হবে এবং প্রকাশ্য আদালতে যাচাই ও পর্যালোচনা করে এর কতটুকু ভালো ও কতটুকু খারাপ ছিল তা দেখিয়ে দেয়া হবে। এ জন্য এখানে 'হুসসীলা' বলা হয়েছে। কোন জিনিসকে বের করে বাইরে নিয়ে আসাকে 'হুসসীলা' বা 'তাহসীল' বলে। যেমন, বাইরের ছাল বা খোসা ছাড়িয়ে ভেতরের মগজ বের করা। এভাবে বিভিন্ন ধরনের জিনিসকে ছেটে পরস্পর থেকে আলাদা করার জন্যও এ শব্দটি ব্যবহার করা হয়ে থাকে। কাজেই মনের মধ্যে লুকানো রহস্যসমূহের 'তাহসীল' বা বের করে আনার মধ্যে এ দু'টি অর্থ শামিল হবে। সেগুলোকে খুলে বাইরে বের করে দেয়াও হবে আবার সেগুলো ছেটে ভালো ও মন্দ আলাদা করে দেয়াও হবে।

প্রত্যেক ব্যক্তির মনের ভেতর রহস্যাবৃত্ত কাজ থাকে আবার এমন সব কাজ যেগুলোর বাহ্যিক আকৃতিতে জন সমক্ষে এসে গেছে কিন্তু সেগুলোর পেছনে সক্রিয় নিয়ত, উদ্দেশ্য স্বার্থ ও আশা আকাংখা এবং সেগুলোর গোপন কার্যকারণ লোক চক্ষুর অন্তরালে থেকে গেছে। কিয়ামতের দিন এসব কিছু উন্মুক্ত করে দেয়া হবে। সেদিন কেবলমাত্র কে কি করেছে এর তদন্ত ও হিসেব নিকেশ হবে না বরং কি কারণে, কি উদ্দেশ্যে, কি নিয়তে ও কোন মানসিকতায় উদ্বুদ্ধ হয়ে এ কাজ করেছিল তারও হিসাব হবে। অনুরূপভাবে এক ব্যক্তি যে কাজটি করেছে দুনিয়ায় তার কি প্রভাব পড়েছে, কোথায় তার প্রভাব পৌছেছে এবং কতদিন পর্যন্ত এ প্রভাব অব্যাহত থেকেছে-তাও সারা দুনিয়ার চোখ থেকে গোপন থেকেছে, এমনকি যে ব্যক্তি এ কাজটি করেছে তার চোখ থেকেও গোপন থেকেছে।

আরো একটি রহস্যও শুধুমাত্র কিয়ামতের দিনেই উন্মুক্ত হবে এবং সেদিন এর পুরোপুরি তদন্ত ও হিসেব নিকেশ হবে। সেটি হচ্ছে, এক ব্যক্তি দুনিয়ায় যে বীজ বপন করে গিয়েছিল তার ফসল কতখানি পর্যন্ত কোন কোন পদ্ধতিতে সে এবং তার সাথে আর কে কে কাটতে থেকেছে। এমন একটি রেওয়াজ সে চালু করেছে যা আল্লাহ বলেননি ও তাঁর রাসুল করেননি। কিন্তু এ রেওয়াজের ফলে যুগ যুগ ধরে মানুষ ঘূর্ণাবর্তে পড়ে শুধু বিভ্রান্তই হয়েছে। পরশ্রীকাতরতা বশত: একজনকে কষ্টে ফেলে মনে মনে তুপ্তি অনুভব করেছে, মনের সেই তৃপ্তিটুকু সেদিন জনসম্মুখে আনা হবে। এভাবে মনে মনে কাউকে ঘৃণা করেছে,কারো প্রতি বিদ্বেষ পোষন করেছে, অহংকার ও হিংসা পোষন করেছে, গোপনে কারো ক্ষতি করেছে। আবার বিপরীত দিকে কেহ কারো প্রতি ভাল ধারণা পোষন করেছে, কারো কল্যাণ কামনা করেছে, রাতের আধারে চোখের অশ্রু ঝড়িয়েছে, প্রকাশ্যে কোন কাজ করেছে কিন্তু মনে মনে তার মানুষের কল্যাণাখাংকা ছিল ইত্যাদি সকল কিছু সেদিন প্রকাশ্যে আনা হবে। এবং খারাপ থেকে ভালোকে আলাদা করা হবে।

আল্লাহর এই ব্যবস্থাপনার পরও মানুষ যাতে এ ধারনা করতে না পারে যে, আমার প্রতি জুলুম করা হয়েছে তাই মহান আল্লাহ আমাদের প্রত্যেকের ওপর অত্যন্ত সত্যনিষ্ঠ তত্বাবধায়ক নিযুক্ত করে রেখেছেন। তারা নিরপেক্ষভাবে আমাদের সমস্ত ভালো ও মন্দ কাজ রেকর্ড করে যাচ্ছেন। আমাদের কোন কাজ তাদের দৃষ্টির অগোচরে থাকছে না। অন্ধকারে, একান্ত নির্জনে, জনমানবহীন গভীর জংগলে অথবা এমন যে কোন অবস্থায় কোন কাজ থেকে থাকলে যে সম্পর্কে আমরা পূর্ণ নিশ্চিন্ত যে, তা সকল দৃষ্টির অগোচরে রয়ে গেছে, তারপরও তা তাদের কাছ থেকে গোপন থাকছে না। তাদের সম্পর্কে স্বয়ং আল্লাহ তা'আলা 'কিরামান কাতেবীন' শব্দ ব্যবহার করেছেন। অর্থাৎ লেখকবৃন্দ যারা কারীম অত্যন্ত সম্মানিত ও মর্যাদাবান। তাদের কারোর সাথে ব্যক্তিগত ভালোবাসা বা শত্রুতা নেই। ফলে একজনের প্রতি অন্যায় পক্ষপাতিত্ব এবং অন্যজনের অযথা বিরোধীতা করে সত্য বিরোধী ঘটনা রেকর্ড করার কোন অবকাশই সেখানে নেই। তারা খেয়ানতকারীও নয়। ডিউটি ফাঁকি দিয়ে নিজেদের তরফ থেকে খাতায় উল্টো সিধে লিখে দেয়া তাদের পক্ষে সম্ভব নয়। তারা ঘুষখোরও নয়। নগদ কিছু নিয়ে কারো পক্ষে বা বিপক্ষে মিথ্যা রিপোর্ট দেবার কোন প্রশ্নই তাদের ব্যাপারে দেখা দেয় না। এসব যাবতীয় নৈতিক দুর্বলতা থেকে তারা মুক্ত। তারা এসবের অনেক উর্ধে। কাজেই সৎ ও অসৎ উভয় ধরনের মানুষের নিশ্চিত থাকা উচিত যে, তাদের প্রত্যেকের সৎকাজ হুবহু রেকর্ড হবে এবং কারো ঘাড়ে এমন কোন অসৎকাজ চাপিয়ে দেয়া হবে না, যা সে করেনি।


এই সম্মানিত লেখকদের দ্বিতীয় আরেকটি গুণ হচ্ছে "তোমরা যা কিছু করো তা তারা জানে।" তাদের অবস্থা দুনিয়ার কোন সিআইডি ও তথ্য সরবরাহকারী এজেন্সীর মতো নয়। সব রকমের প্রচেষ্টা ও সাধ্য-সাধনার পরও অনেক তথ্য তাদের কাছে গোপন থেকে যায়। কিন্তু আল্লাহ তা'আলার নিযুক্ত এ দু'জন সম্মানিত লিখক প্রত্যেক ব্যক্তির প্রত্যেকটি কাজ সম্পর্কে পুরোপুরি অবগত। সব জায়গায় সব অবস্থায় সকল ব্যক্তির সাথে তারা এমনভাবে লেগে আছে যে, তারা জানতেই পারছে না যে, কেউ তাদের কাজ পরিদর্শন করছে। কোন ব্যক্তি কোন নিয়তে কি কাজ করছে তাও তারা জানতে পারে। তাই তাদের তৈরী রেকর্ড একটি পূর্ণাংগ রেকর্ড। এই বেকর্ডের বাইরে কোন কথা নেই। আল্লাহ তা'আলা বলেন,"আর সেদিন আমলনামা সামনে রেখে দেয়া হবে। সে সময় তোমরা দেখবে অপরাধীরা নিজেদের জীবন খাতায় যা লেখা আছে সে জন্য ভীত হচ্ছে এবং বলছে, হায়! আমাদের দুর্ভাগ্য, এটা কেমন খাতা, আমাদের ছোট বড় এমন কোন কিছুই এখানে লেখা থেকে বাদ পড়েনি। তাদের যে যা কিছু করেছিল সবই নিজের সামনে উপস্থিত পাবে এবং তোমার রব কারোর প্রতি জুলুম করবেন না।"(সুরা কাহাফ:৪৯) আল্লাহ তা'আলা আরো বলেন, "আজ কারো প্রতি তিলমাত্র জুলুম করা হবে না এবং যেমন কাজ তোমরা করে এসেছো ঠিক তারই প্রতিদান তোমাদের দেয়া হবে।"(সুরা ইয়াসীন:৫৪)

আল্লাহ তা'আলা মানুষের প্রকাশ্য-অপ্রকাশ্য সকল কাজ সম্পর্কে জানেন। তাঁর কাছে কোন কিছু গোপন থাকে না। আল কুরআনের অনেক জায়গায় এ কথাটি বলা হয়েছে। তারপরও সেদিন এমন কতগুলো উপায় অবলম্বন করা হবে যাতে অপরাধীরা এ কথা বলতে বাধ্য হয় যে, দুনিয়াতে সত্যিই আমরা অপরাধী ছিলাম। এবং আল কুরআনের ভাষ্যমতে সত্যিই সেদিন অপরাধীরা তা বলবে। তাই আল্লাহ তা'আলা তাদের অন্তরে লুকায়িত ইচ্ছা, আকাংখা, নিয়ত ও অভিপ্রায়গুলো বের করে আনার পরও উল্লেখিত সম্মানিত দু'জন ফেরেশতার নিখুঁত রেকর্ড সামনে নিয়ে আসবেন। তারপরও মহান আল্লাহ মানুষের অঙ্গ-প্রত্যঙ্গের সাক্ষ গ্রহণ করবেন। যেমন আল্লাহ তা'আলা বলেন,"আজ আমি এদের মুখ বন্ধ করে দিচ্ছি, এদের হাত, আমার সাথে কথা কথা বলবে এবং এদের পা সাক্ষ দিবে এরা দুনিয়ায় কি উপার্জন করে এসেছে।"(সুরা ইয়াসীন:৬৫)

যে উদ্ধত অপরাধীরা তাদের অপরাধ মেনে নিতে অস্বীকার করবে, সাক্ষীদেরকে মিথ্যা বলবে এবং আমলনামার নির্ভুলতাও মেনে নেবে না, তাদের ব্যাপারে এ ফায়সালা দেয়া হবে। তখন আল্লাহ হুকুম দেবেন, ঠিক আছে তোমাদের বাজে কথা বন্ধ করো এবং এখন দেখো তোমাদের নিজেদের শরীরের অংগ-প্রতংগ তোমাদের কৃতকর্মের কি বর্ণনা দেয়। এখানে শুধু হাত ও পায়ের কথা বলা হয়েছে, কিন্তু অন্য স্থানে চোখ, কান, জিহ্বা এবং শরীরের চর্মও তাদের দিয়ে যেসব কাজ করানো হয়েছে সেগুলোর পুর্ণ বিবরণ শুনিয়ে দেবে। যেমন আল্লাহ তা'আলা বলেন, "পরে যখন সবাই সেখানে পৌছে যাবে তখন তাদের কান, তাদের চোখ এবং তাদের দেহের চামড়া তারা পৃথিবীতে কি করতো সে সম্পর্কে তাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে।"(সুরা হা-মীম আস সাজদা:২০) সুরা নুরে আল্লাহ তা'আলা বলেন, "তারা যেন সেদিনের কথা ভুলে না যায় যেদিন তাদের নিজেদের কণ্ঠ এবং তাদের নিজেদের হাত পা তাদের কৃতকর্মের সাক্ষ্য দিবে।"(সুরা নুর:২৪)

একেবারে নিকষ কালো আঁধারের বুকে সে কোন কাজ করে থাকলেও আল্লাহর সার্বভৌম কর্তৃত্বের অধীন এমনসব রশ্মি রয়েছে যেগুলোর কাছে আলো-আঁধার সমান, তারা সকল অবস্থায় তার ছবি তুলতে পারে। এমন সব ছবি কিয়ামতের দিন একটি সচল ফিল্মের মতো মানুষের সামনে এসে যাবে এবং সারাজীবন সে কোথায় কি করেছে তা তাকে দেখিয়ে দেবে।

তাকে সেদিন বলা হবে, "তোমার জীবনের এই কার্যবিবরণী পড়ো। নিজের হিসেব দেবার জন্য তুমি নিজেই যতেষ্ট।"(বনি ইসরাঈল:১৪) মানুষ তা পড়ে অবাক হয়ে যাবে। কারণ ছোট বড় এমন কোন বিষয় নেই যা তাতে যথাযথভাবে সংযোজিত হয়নি। (আল কাহাফ: ৪৯)





নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে চাকুরীর সুযোগ

০০ পৃষ্ঠার পর

স্টেটের লাইসেন্স প্রয়োজন হতে পারে। নিউইয়র্ক সিটি জানিয়েছে এ মাসের ২৬ তারিখের মধ্যে আবেদন করা যাবে এমন পদগুলো হচ্ছে জেলা ৭৫ নার্স সুপারভাইজর, হেড স্টার্ট প্রোগ্রামের পরিচালক , এজেন্সি অ্যাটর্নি , সমতার অধিকার মেনে চলার বিশেষজ্ঞ, আঞ্চলিক প্রশাসনিক ক্ষেত্র সহকারী। অতিরিক্ত তথ্য এবং চাকরির তালিকা দেখার জন্য এখানে ক্লিক ny chb. teachers-supportnetwork. com/ করার কথাও জানিয়েছে পাবলিক স্কুল কর্তৃপক্ষ।

নিউইয়র্কে ৩০ লাখ বাসিন্দা ট্যাক্স রিলিফ পাবেন

০০ পৃষ্ঠার পর

বয়স, আয়, অবস্থান এবং অন্যান্য বিষয়ের উপর এ ট্যাক্স রিলিফের পরিমাণ নির্ভর করে। তবে এটা আনুমানিক ব্যক্তিপ্রতি প্রায়। এক হাজার ডলার হয়ে থাকে। বাড়ির মালিক, যাদের আয় ৫ লাখ ডলারের কম তারা এবং ৬৫ বছরের বেশি বয়সের সিনিয়র সিটিজেনদের আয় ৯৮ হাজার ডলারের কম হলে তারা এমন সুবিধা পাবে।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA
AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগঃ
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন,
হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT	8 Weeks Course 4 Hours Each Class Total 32 Classes (4 days/week) Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm
SHSAT	8 Weeks Course 5 days/week Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm
COMMON CORE MATH & ENGLISH	1st Grade to 6th Grade 8 weeks course 3 Hrs./day, 4 days/week Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :

267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

সেইফ হেল্‌থ মেডিকেল কেয়ার

অভিজ্ঞ বাংলাদেশী ডাক্তার দ্বারা পরিচালিত



MOHAMMED HELAL UDDIN, M.D.

মোহাম্মদ হেলাল উদ্দিন, এম.ডি.

আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

শাদমান নোশিন
ফিজিশিয়ান এ্যাসিসট্যান্ট

কার্ডিওলজী — তরুণজিৎ সিং, এম.ডি.
বোর্ড সার্টিফাইড জেনারেল, নিউক্লিয়ার এন্ড ইন্টারভেনশনাল কার্ডিওলজিস্ট

পডিয়াট্রি — ডা. সাদী আলম, ডিপিএম
পায়ের পাতা ও গোড়ালী রোগ বিশেষজ্ঞ

সাইকিয়াট্রিস্ট — সোহেল এম. শিপু, এম.ডি.
বোর্ড সার্টিফাইড এডাল্ট সাইকিয়াট্রিস্ট

We Accept most Insurance
আমরা সকল প্রকার ইন্স্যুরেন্স গ্রহন করি

৩০৯৯ বেইনব্রিজ এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬৭
ফোন: ৭১৮-৯৯৪-৭০০০
safehealth02@gmail.com

১৩৮১ ক্যাসেলহিল এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক ১০৪৬২
ফোন: ৭১৮-৯৭৫-৭৪৩১
safehealth02@gmail.com

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

Hillside Accounting Services Inc.

Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

NIGAR SULTANA

LICENSED REALESTATE AGENT

929-561-9226

TEXT NSL TO 85377 FOR DIGITAL BUSINESS CARD





এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ আছেন। আপনাদের মঙ্গলকর জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যেকোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে ফয়সল হাসানের প্রশ্ন:

আমি এই বিভাগের একজন নিয়মিত পাঠক। আজ আমি একটি বিষয় সম্পর্কে জানবার জন্য অর্থাৎ আপনার পরামর্শের জন্য এ লেখাটি লিখছি। আশা করি আপনার পরামর্শ পাব। আপনার পরামর্শ পেলে উপকৃত হব এবং কৃতজ্ঞ থাকবো। আমার জানার বিষয় হচ্ছে কে ওয়ান ভিসা কি এবং কে ওয়ান ভিসার শর্তসমূহ সম্পর্কে জানতে পারলে এ ব্যাপারে পদক্ষেপ গ্রহণ করব।

ফয়সল হাসান এর প্রশ্নের উত্তর:

কেউ যদি বিয়ে করার উদ্দেশ্যে কোন বিদেশি ফিয়াঁসেকে এদেশে নিয়ে আসতে চান তার জন্য কে ওয়ান ভিসার আবেদন করতে হবে। বৈধ কে- ওয়ান ভিসায় আপনার বিদেশি ফিয়াঁসে ইউএসএ আসতে পারবেন। এবং আপনার সঙ্গে বসবাস করতে পারবেন। এই ভিসার মেয়াদ থাকে নব্বই দিন। আর এই ৯০ দিনের মধ্যেই বিয়ে করতে হবে। সরকারিভাবে কে- ওয়ান ভিসা হচ্ছে নন ইমিগ্রেন্ট ভিসা। অর্থাৎ সাময়িক এবং শর্ট টাইপ ভিসা। কে- ওয়ান ভিসাধারীরা ইউএসএতে ৯০ দিনের বেশি অবস্থান করতে পারবে না। ইমিগ্রেশন আইন অনুযায়ী যদি কোন বিদেশি ফিয়াঁসে ৯০ দিনের মধ্যে ইউএস সিটিজেনকে বিয়ে করতে ব্যর্থ হন, তবে বৈধভাবে এই দেশ ত্যাগ করতে হবে তাকে।

কে ওয়ান ভিসার শর্ত:

কে- ওয়ান ভিসার স্পন্সরকারী কে অবশ্যই ইউএস সিটিজেন হতে হবে। গ্রীন কার্ডধারীরা কে- ওয়ান ভিসায় কোনো ফিয়াঁসেকে স্পন্সর করতে পারবে না। তাদের উভয়কে বিবাহ যোগ্য হতে হবে। বর্তমানে তাদের উভয়কে অবিবাহিত হতে হবে। আগে তাদের বিয়ে হয়ে থাকলে বিয়ের আগেই তাদের বৈধ ডিভোর্স সার্টিফিকেট থাকতে হবে এবং সেটা উপস্থাপন করতে হবে। কিংবা মারা গেলে সেই মৃত্যুর সার্টিফিকেট থাকতে হবে। সম লিঙ্গের ভিসাধারীরাও কে- ওয়ান ভিসা লাভের জন্য যোগ্য। এমনকি তাদের নিজ দেশেও সম লিঙ্গের বিয়ে নিষিদ্ধ থাকলেও।

ছবি, ফ্লাইট এর তথ্যপত্র, হোটেলরিজার্ভেশনের প্রমাণপত্র সহ তাদের সম্পর্কের প্রমাণ প্রদর্শন করতে হবে। বন্ধু ও সহকর্মীদের চিঠি ই-মেইল দিয়েও সম্পর্ক প্রমাণ করা যাবে। ভিসা ফরম দাখিল করার আগে তারা ২ বছর সময়ের মধ্যে



কমপক্ষে একবার মিলিত হয়েছেন, এমন প্রমাণ দেখাতে হবে (চরম দুঃখময় কিংবা সামাজিক, সাংস্কৃতিক, ধর্মীয় বিধিনিষেধ ব্যতিক্রম)। দু'জনকেই লিখিত স্টেটমেন্ট দিতে হবে যে, ফিয়াঁসে ইউএসএ প্রবেশের পর ৯০ দিনের মধ্যে দুইজনেই বিয়েতে সম্মত আছেন। বিয়ের আমন্ত্রণপত্র, হল বুকিং এর রশিদ প্রমাণ হিসেবে উপস্থাপন করতে পারলে ভালো হয়।

ইউএস সিটিজেন ফিয়াঁসেকে তার আয়ের প্রমাণ দেখাতে হবে। এককভাবে সামর্থ্য না থাকলে যৌথভাবে স্পন্সর সার্টিফিকেট দাখিল করতে হবে। কে- ওয়ান ভিসার আবেদন কিভাবে করতে হবে। প্রথম পদক্ষেপ হিসেবে যোগ্য ইউএস-সিটিজেনের ফিয়াঁসেকে ইউএসসিআইএস ও আই- ১২৯ এফ ফরম ফাইল করতে হবে। আবেদনের সঙ্গে নিম্নের সহায়ক প্রমাণাদি পূর্ণাঙ্গ আবেদন ফরমের সঙ্গে দিতে হবে। ইউএস সিটিজেনের (ফিয়াঁসের) সিটিজেনশীপ এর প্রমাণ পাসপোর্ট ন্যাচারালাইজেশনের সার্টিফিকেট, জন্ম সনদ দিতে হবে।

স্পন্সরকারী/ফিয়ান্সের পাসপোর্ট:

ইউএস সিটিজেন ফিয়াঁসের এবং বিদেশী ফিয়াঁসের এবং বিদেশি পাসপোর্ট সাইজের ফটো, সাক্ষাৎকার প্রক্রিয়া:

ইউএসসিআইএস কর্তৃক কে- ওয়ান ভিসা অনুমোদনের পর ফাইল ইউএস স্টেট ডিপার্টমেন্ট ইউএস এর বাইরে বসবাসকারী বিদেশি ফিয়াঁসিকে ডিএস- ২৬০ ফরম পূরণ করতে হবে।

সাক্ষাৎকার গ্রহণকারী অফিসার সাক্ষাতের ফলাফল সাক্ষাৎ গ্রহণের দিনই জানিয়ে দেন। তাকে কারো যদি কিছু কোন প্রমাণের প্রয়োজন হয় তবে সাক্ষাৎদাতাকে ইউএস কনস্যুলেটে জমা দেয়ার অনুরোধ করা হয়।

এ ব্যাপারে প্রয়োজনবোধে একজন ইমিগ্রেশন অ্যাটর্নির সাথে আলোচনা করে পদক্ষেপ নেয়া শ্রেয়।

নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিন

ইউএস ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে পরিবার ভিত্তিক ২০২৪ এর নভেম্বর ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো।

উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যাকশন ডেট' বলতে সেই তারিখকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করে। আপনাদের প্রায়োরিটি তারিখ হবে অবশ্যই এই তারিখের পূর্বে যে নভেম্বর ২০২৪ এর ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরি খুব সামান্য অগ্রগতি হয়েছে।

পরিবার ভিত্তিক ভিসার প্রাপ্যতা

প্রথম: (এফ ১) ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র কন্যা : অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়: গ্রীনকার্ডধারীদের স্পাউস স্বামী স্ত্রী সন্তান এবং অবিবাহিত পুত্রকন্যা।

এ. (এফ ২এ): গ্রীনকার্ডধারীদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান: জানুয়ারি ০১, ২০২২।

বি (এফ টু বি): গ্রীনকার্ডধারীদের ২১ নিম্ন বয়সী এবং ২১ উর্ধ্ব বয়সী অবিবাহিত পুত্র কন্যা: মে ০১, ২০১৬।

তৃতীয়: (এফ ৩): ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র কন্যা: এপ্রিল ১৫, ২০১০।

চতুর্থ: (এফ ৪): প্রাপ্তবয়স্ক ইউএস সিটিজেনদের ভাইবোনেরা: আগস্ট ০১, ২০০৭।

এ ব্যাপারে বিস্তারিত জানতে ইউএসসি ডিপার্টমেন্ট অফ স্টেট এর ওয়েবসাইট ভিজিট করুন।

ইমিগ্রেশন বিষয়ে আমাদের পরামর্শ হচ্ছে যেকোনো চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ এটর্নির সাথে পরামর্শ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪ ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০ ই-মেইল:

শধুসরধহফৎববাবং@মসধরষ.পড়স

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

৭ মার্চসহ আটটি দিবস বাতিলের প্রতিবাদে নিউইয়র্কে সমাবেশ





বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস এবং ৭ই মার্চ সহ আটটি জাতীয় দিবস বাতিলের প্রতিবাদে নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে। গত ২০ অক্টোবর রোববার সন্ধ্যায় নিউইয়র্কে জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় এ প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়। নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা মুজিবুর রহমান মিয়ার সভাপতিত্বে এবং নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক সাখাওয়াত আলী ও শেখ হাসিনা মঞ্চের সাধারণ সম্পাদক কায়কোবাদ খানের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপদেষ্টা ড. প্রদীপ রঞ্জন কর, শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র'র সভাপতি বীর মুক্তিযোদ্ধা ডা. মাসুদুল হাসান, উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী ও হাকিকুল ইসলাম খোকন, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা আব্দুর রহিম বাদশা, চন্দন দত্ত, আব্দুল হাসিব মামুন, মোহাম্মদ আলী সিদ্দিকী, মিসবাহ আহমেদ, ফরিদ আলম, শাহ মো. বখতিয়ার, এম এ করিম জাহাঙ্গীর, হিন্দাল কাদির বাপ্পা, আসাফ মাসূক, ফারুক হোসাইন, শওকত আকবর রিচি, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান ও সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, স্টেট আওয়ামী লীগের সহ সভাপতি আবুল কাশেম ভূইয়া, স্বীকৃতি বড়ুয়া, মহিউদ্দিন মহি, হুমায়ুন কবির, শেখ হাসিনা মঞ্চের সভাপতি জালাল উদ্দিন জলীল, সভাপতি মো: আখতার হোসেন, আজিজুর রহমান সাবু, মহি উদ্দিন, ইমদাদ ভূইয়া, হেলিম উদ্দীন, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সভাপতি এইচ এম ইকবাল, সাখাওয়াত বিশ্বাস, নূরুজ্জামান সরদার, যুক্তরাষ্ট্র শ্রমিক লীগের সভাপতি কাজী আজিজুল হক খোকন সাধারণ সম্পাদক জুয়েল আহমেদ, যুগ্ম সম্পাদক মইজুর রহমান জুয়েল, মাঈনুদ্দীন, যুক্তরাষ্ট্র মহিলা লীগের যুগ্ম সম্পাদক রুমানা আক্তার, জেসমিন আক্তার কোহিনূর, খসরুজ্জামান খসরু, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাবেক সহ সভাপতি শহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর এইচ মিয়া, কামাল হোসেন, নূরুল ইসলাম প্রমুখ।

এর আগে ১৮ অক্টোবর বাংলাদেশে ৭ই মার্চ সহ আটটি জাতীয় দিবস বাতিলের প্রতিবাদ এবং আওয়ামী লীগ নেত্রী মতিয়া চৌধুরীর আত্মার মাগফিরাত কামনায় নিউইয়র্কে শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র'র দোয়া মহফিলের আয়োজন করা হয়। নিউইয়র্কের ব্রুকলিনের লাবন্য পার্টি হলে এ অনুষ্ঠান আয়োজন করা হয়।

শেখ কামাল স্মৃতি পরিষদ যুক্তরাষ্ট্র আয়োজিত সভায় সভাপতিত্বে করেন সংগঠনের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ডা. মাসুদুল হাসান, এমডি। শেখ কামাল স্মৃতি পরিষদের যুগ্ম সম্পাদক ও নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরীর সঞ্চালনায় এ অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন বিশিষ্ট সঙ্গীত শিল্পী কণ্ঠযোদ্ধা রথীন্দ্রনাথ রায়, শেখ কামাল স্মৃতি পরিষদের প্রতিষ্ঠাতা সভাপতি ও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা আব্দুর রহিম বাদশা, বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী, বীর মুক্তিযোদ্ধা মোজাহিদুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা সরাফ সরকার, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা মিসবাহ আহমেদ, আজিজুর রহমান সাবু, মহি উদ্দিন, ইমদাদ ভূইয়া, শাহ মিজান, আব্দুল কাদির, গণজাগরণ মঞ্চ নেতা আল আমিন, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক সৈয়দ গোলাম কিবরিয়া, যুবলীগ নেতা হেলিম উদ্দীন প্রমুখ। এসময় স্থানীয় নেতা-কর্মীরা উপস্থিত ছিলেন।

আওয়ামী লীগ নেত্রী মতিয়া চৌধুরীর আত্মার মাগফিরাত কামনা করে দোয়া পরিচালনা করেন আওয়ামীলীগ নেতা বীর মুক্তিযোদ্ধা তোফায়েল চৌধুরী।

উল্লেখ্য, বাংলাদেশে বর্তমান অন্তর্বর্তী সরকার সম্প্রতি আটটি জাতীয় দিবস বাতিল করে প্রজ্ঞাপন প্রকাশ করেন। বাতিলকৃত দিবসগুলো হলো ঐতিহাসিক ৭ মার্চ, ১৭ মার্চ জাতির পিতার জন্মদিবস ও জাতীয় শিশু দিবস, ৫ আগস্ট শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী, ৮ আগস্ট বেগম ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী, ১৫ আগস্ট জাতীয় শোক দিবস, ১৮ অক্টোবর শেখ রাসেল দিবস, ৪ নভেম্বর জাতীয় সংবিধান দিবস এবং ১২ ডিসেম্বর স্মার্ট বাংলাদেশ দিবস।



জ্যামাইকায় বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের হেলথ ফেয়ার

নিউইয়র্ক: নিউইয়র্কে বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকার উদ্যোগে হেলথ ফেয়ার ও সাংস্কৃতিক ইভেন্ট অনুষ্ঠিত হয়েছে। গত ৫ অক্টোবর জ্যামাইকার মেরি লুই একাডেমিতে এ ফেয়ার অনুষ্ঠিত হয়। এতে বাংলাদেশি-আমেরিকান স্বনামধন্য চিকিৎসকরা বিভিন্ন সংক্রামক রোগের বিষয়ে পরামর্শ দেন। সংগঠনের সাধারণ সম্পাদক ডা. মো. ইউসুফ আল মামুন বলেন, এ অনুষ্ঠানটি করা হয়েছে মূলত বিভিন্ন সংক্রামক রোগের বিষয়ে বাংলাদেশি-আমেরিকানদের সচেতন করার জন্য। যাতে মানুষ কোভিড ভ্যাকসিন, নিউমোনিয়া ভ্যাকসিন, ফ্লু ভ্যাকসিনসহ বিভিন্ন ভ্যাকসিন নিয়ে সংক্রামক রোগ থেকে সুস্থ থাকতে পারে।

তিনি আরো বলেন, মানুষ যাতে স্বাস্থ্যের এসব তথ্য সহজে বুঝতে পারে, তাই আমরা এ অনুষ্ঠান আমাদের নিজস্ব সংস্কৃতি ও ভাষায় করেছি। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সংগঠনের সভাপতি ডা. বশির আহমেদ, ট্রেজারার আহমেদ মোর্শেদ, সোশ্যাল এন্ড কালচারাল সেক্রেটারি ফেরদৌসী শিল্পী প্রমুখ। অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ ছিল সাংস্কৃতিক সন্ধ্যা। এতে বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী দিলশাদ নাহার কণা সঙ্গীত পরিবেশন করেন।

বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকা হলো বাংলাদেশি-আমেরিকানদের দ্বারা পরিচালিত একটি সংগঠন। এটি ডাক্তারদের বিভিন্ন একাডেমিক অনুষ্ঠান, গেট টুগেদার, চ্যারিটি অনুষ্ঠান আয়োজন করে। পাশাপাশি কমিউনিটির সচেতনতার জন্য বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করে। করোনা মহামারির সময় সংগঠনটি মানুষদের সচেতন করার জন্য টিভি ও পত্র-পত্রিকায় বিভিন্ন পরামর্শ প্রচার করেছে।



নিউজার্সীর সাউথ জার্সিতে মনোজ্ঞ সংগীত রজনী

নিউজার্সী: যুক্তরাষ্ট্রের নিউজার্সী অঙ্গরাজ্যের সাউথ জার্সিতে মনোজ্ঞ সংগীত রজনীর আয়োজন করা হয়।

২২ অক্টোবর মঙ্গলবার শ্রী শ্রী গীতা সংঘের উদ্যোগে পোমনাছ্ বৈকুণ্ঠ হিন্দু জৈন মন্দিরের মিলনায়তনে এ মনোজ্ঞ সংগীত রজনীর অনুষ্ঠানের শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন গীতা সংঘের সাধারণ সম্পাদক স্বরূপ দাশ।

জয়ন্ত সিনহার সঞ্চালনায় সংগীত পরিবেশনা করেন সারেগামাপা খ্যাত ভারতীয় সংগীত শিল্পী দীপায়ন ব্যানার্জি ও টলিউড প্লেব্যাক শিল্পী প্রস্মিতা পাল। শিল্পীদেরকে ড্রামে রনিত, কীবোর্ড অনির্বাণ , গীটারে মহেশ , বেস গিটারে সানি সহযোগীতা করেন । শব্দ নিয়ন্ত্রণে ছিলেন সৌগত চ্যাটার্জি ।

অনুষ্ঠানের বিরতিকালে গীতা সংঘের ট্রাস্টি বোর্ডের কর্মকর্তারা গীতা স্কুলের শিক্ষার্থীদের পুরস্কৃত করেন। অনুষ্ঠানে বাংলাদেশে হিন্দু নির্যাতনের ওপর ভিত্তি করে তৈরি প্রামাণ্য চিত্র প্রদর্শিত হয়। গীতা সংঘের সভাপতি প্রসেনজিৎ দত্ত সমাপনী বক্তব্য রাখেন. সংগীত অনুষ্ঠান শেষে শ্রোতারা মনোজ্ঞ সংগীত রজনী আয়োজনের জন্য আয়োজকদের ধন্যবাদ জানান। -- প্রেস বিজ্ঞপ্তি

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS

ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY
TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স–একাউন্টিং–নোটারী
Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.

Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com


বাড়ি-ক্রয়-বিক্রয়ের বিশ্বস্ত ও নির্ভরযোগ্য রিয়েলটর


MURSHEDA ZAMAN
Lic. Real Estate Sales Person
171-21 Jamaica Ave., Jamaica 11432
844-464-3262
E-mail: murshedazaman@gmail.com
যোগাযোগ
Cell: 917-502-6445

কুলাউড়া এসোসিয়েশন অব নিউজার্সির শপথ সম্পন্ন






নিউজার্সী: কুলাউড়া এসোসিয়েশন অব নিউজার্সির নতুন কার্যকরী কমিটির শপথ গ্রহণ সম্পন্ন হয়েছে। গত ২০ অক্টোবর শপথ গ্রহণ উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সংগঠন উপদেষ্টা ও কার্যকরী পরিষদের সদস'রা। নতুন কমিটির সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন গোলাম মোদাব্বির চৌধুরী সোলেমান এবং সাধারণ সম্পাদক হয়েছেন মো. আতিকুল ইসলাম শাহীন।

দুই পর্বের অনুষ্ঠানে প্রথম পর্বে সভাপতিত্ব করেন সাবেক সভাপতি শেখ রাজা মিয়া তালুকদার। পরিচালনা করেন সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোদাব্বি চৌধুরী সোলেমান। নবনির্বাচিত সভাপতিকে শপথ পাঠ করান সাবেক সিনিয়র উপদেষ্টা আব্দুল মোক্তাদির (খসরু)। পরে নতুন সভাপতি কার্যকরী কমিটিকে শপথ গ্রহণ করান। বিদায়ী সভাপতি শেখ রাজা মিয়ার বক্তব্যের মধ্য দিয়ে প্রথম পর্বের সমাপ্তি ঘটে।

২য় পর্বে নব নির্বাচিত সভাপতির সভাপতিত্বে এবং নব নির্বাচিত সাধারণ সম্পাদক আতিকুল ইসলাম শাহীনের পরিচালনায়ৎ অনুষ্ঠানের শুরুতে স্বাগতিক বক্তব্য দেন সাবেক ও বর্তমান উপদেষ্টাবৃন্দ। তাদের মধ্যে আব্দুল লতিফ খান, গোলাম ইস্পাহানী চৌধুরী মাছুম, ফখরুল ইসলাম তালুকদার, সৈয়দ নজরুল ইসলাম, প্রফেসর তোফায়েল আহমেদ, আকমল হোসেন শুভ প্রমুখ।

অনুষ্ঠানে ২৫ সদস্যের কার্যকরী কমিটির শপথ গ্রহণকারীরা হলেন : গোলাম মোদাব্বির চৌধুরী সোলেমান (সভাপতি), আব্দুল লতিফ খাঁন (সিনিয়র সহ-সভাপতি), জাহাঙ্গীর আলম (মিলন) (সহ-সভাপতি), মো. আতিকুল ইসলাম (শাহীন) (সাধারণ সম্পাদক), আতিকুর রহমান আজাদ ও আমিনুল ইসলাম (যুগ্ম-সাধারণ সম্পাদক), তারেক চৌধুরী (সাংগঠনিক সম্পাদক), শেখ ফাহিম ইসলাম তালুকদার (অর্থ সম্পাদক), সৈয়দ কামরুজ্জামান টিপু (প্রচার সম্পাদক), আব্দুল বাছিত (ক্রীড়া সম্পাদক), শামীম আহমদ (সমাজকল্যাণ সম্পাদক), শাহ মিজান (শিক্ষা ও সাহিত্য সম্পাদক), শেখ লিটন আহমদ (সাংস্কৃতিক সম্পাদক), সাজিদুর রহমান খান (দপ্তর সম্পাদক) এবং সৈয়দ খোবায়ের আলী (ধর্মবিষয়ক সম্পাদক)। সদস্যরা হলেন : সৈয়দ ইমন ইসলাম, অলিদ আহমদ, ময়নুল চৌধুরী শাহান, মাহবুবুল আম্বিয়া, আব্দুর রহমান রুহেল, মিনহাজুল ইসলাম চৌধুরী, তাওহিদ ইসলাম, ছাইফুল আলী, মো. তানুন খান ও মো. নূরুজ্জামান চৌধুরী রিপন।









Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549





প্রবাসীদের প্রতিটি ডলার দেশের সব ব্যাংকে নিরাপদ

(শেষ পৃষ্ঠার পর)
সিকিউরিটি ইসলামি ব্যাংক-এর চেয়ারম্যান, ইসলামি ব্যাংক কন্সালটেটিভ ফোরাম এর চেয়াম্যান মুহাম্মদ আবদুল মান্নান। প্যানেলিস্ট হিসেবে বক্তব্য রাখনে লং আইল্যান্ড ইউনিভার্সিটির অর্থনীতি বিভাগের সাবেক অধ্যাপক ড. শওকত আলী, যুক্তরাষ্ট্রের হাওয়ার্ড ইউনিভর্সিটির সহকারী অধ্যাপক ড. মির্জা গালিব, এটর্নি মোহাম্মদ গোলাম মোস্তফা ও বিডস এর নির্বাহী পরিচালক মোহাম্মাদ ইমরান হোসাইন আনসারী।

এসময় স্বাগত বক্তব্যে বিডস এর নির্বাহী পরিচালক ইমরান আনসারী বলেন, ১৫ বছরে আওয়ামী সরকার ঋণ করেছে সাড়ে ১৫ লাখ কোটি টাকা। আর ১৫ বছরে পাঁচার করেছে ১৮ লাখ কোটি টাকা। আর এগুলো করা হয়েছে ব্যাংক গুলো দখল ও ডাকাতির মাধ্যমে এবং রাষ্ট্রীয় মদদে। তিনি আরো বলেন , শুধু ব্যাংকগুলোকে লুটপাট করেই বিগত স্বৈরাচারি সরকার থামেনি, বিগত সরকার ইসলামি ব্যাংকগুলোর মৌলিক ফিলোসোফিকে ধ্বংস করেছে। দেশে বড় বড় মেগা প্রজেক্ট এর নাম লুটপাটের নামে এক অলিগার্ক সোসাইটি গড়ে তুলেছে। এসময় তিনি বিডস এর পক্ষ থেকে দাবী জানান, বাংলাদেশের অর্থনৈতিক পুনরুদ্ধারে ১৫ বছরে যেসব টাকা পাচার হয়েছে তা ফিরিয়ে আনার উদ্যোগ নিতে হবে সরকারকে। যেসব সকল ঋণ খেলাপি রয়েছে তাদের বিচার আওতায় আনতে হবে । পাশাপাশি তাদের স্থাবর-অস্থাবর সম্পত্তি বাজেয়াপ্ত করে ব্যাংকের জিম্মাদারিতে আনতে হবে । প্রবাসীদের সকল ইনভেস্টমেন্ট নিরাপদ করতে এবং উৎসাহী করতে সরকারকে কার্যকর উদ্যোগ নেবার দাবী জানান তিনি।

মূল প্রবন্ধে মোহাম্মদ আবদুল মান্নান বলেন, প্রবাসীরা শুধু নিজেদের সমৃদ্ধ করছেন না তারা বাংলাদেশের আর্থসামাজিক ক্ষেত্রে বিরাট ভূমিকা রাখছেন। বাংলাদেশ তিন আর এর উপর নির্ভরশীল । রেডিমেট গার্মেন্টস, রেমিটেন্স, রুরাল ডেভেলপমেন্ট। তিনি প্রবাসীদের আশ্বস্ত করে বলেন, ব্যাংকিং চ্যানেলে যেসব রেমিটেন্স পাঠানো হবে তার নিরাপত্তা বিধানে বর্তমান সরকার বদ্ধপরিকর। প্রবাসী বিনিয়োগ বান্ধব ব্যাংকিং কার্যক্রম গড়ে তুলতে বাংলাদেশের ব্যাংকগুলো শিগগরই কার্যকর উদ্যোগ নেবে। তিনি আরো বলেন, পাচার হওয়া টাকা ফিরিয়ে আনতে ব্যাংকগুলো কাজ করছে। ভঙ্গুর ব্যাংকিং সেক্টরকে শিগগিরই তাঁর স্বকীয়তায় ফিরিয়ে আনতে হবে। এজন্য সবাইকে ধৈর্য্য ধরার আহ্বান জানান।

অধ্যাপক ড. শওকত আলী বলেন, প্রবাসীরা কিভাবে রেমিটেন্স পাঠাবে এবং বিনিয়োগের নিরাপত্তা বিধানে ব্যাংক গুলোকে কার্যকর উদ্যোগ নিতে হবে।

ড. মীর্যা গালিব বলেন, বাংলাদেশের ব্যাংকিং সেক্টর রাজনীতি দ্বারা নিয়ন্ত্রিত। সুতরাং আগে প্রয়োজন রাজনৈতিক সংস্কার । এজন্য সরকারকে সহযোগিতা ও সময় দিতে বাংলাদেশি সকলের প্রতি আহ্বান জানান।

এটর্নি গোলাম মোস্তফা বলেন, প্রবাসীরা বিনিয়োগে আগ্রহী । কিন্তু প্রবাসীদের বিনিয়োগ নানা কারণে ঝুঁকির মূখে পড়ে । এজন্য সরকার ও ব্যাংকগুলোকে উদ্যোগ নিতে হবে।

এছাড়া সেমিনারে সাধারণ আলোচনায় অংশ নেন সেমিনারটির স্পন্সর প্রতিষ্ঠান গুড হোম ব্যাবারেজ ইন্টারন্যাশনাল এর ম্যানেজিং ডিরেক্টর মোহাম্মদ উল্লাহ, সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার সম্পাদক ডা. ওয়াজেদ এ খান, প্লাসিড এর কর্ণধার ড. কামাল, ব্যাংক এশিয়া যুক্তরাষ্ট্রের সিইও আতাউর রহমান প্রমূখ।

শেখ হাসিনা জানতেন

০০ পৃষ্ঠার পর
বেশ আগে। অনেক আশা ছিল শান্তিতে একটা নোবেল ঝুলিতে উঠবে। টাউট বাটপাররা তাকে এইরকম একটা ধারনা দিয়ে নাচাচ্ছিল। কিন্তু প্রফেসর ইউনুসের কপালে শিকা ছিড়লে তিনি ক্ষিপ্ত হন। নিছকই মধ্যবিত্ত বাঙালী রমনীর টিপিকাল মানসিকতা থেকে প্রতিহিংসাপরায়ন হয়ে ওঠেন। গ্রামীন ব্যাংক কেড়ে নেন। সুদখোর গরীবের রক্তচোষা ঠগ প্রতারক- নানা অপবাদ দিয়ে পচাতে চেষ্টা করেন। বিশ্বব্যাংকের টাকা ঠেকিয়ে দিয়েছেন এমন আওয়াজ তুলে তাকে ব্রীজ থেকে টুপ করে পদ্মায় ফেলে বা চুবিয়ে আনার মনোবাঞ্ছাও প্রকাশ করেন। ইউনুস নিধন যজ্ঞে মাঠে নামান তাবৎ মিডিয়া তথাকথিত সুশীল দলদাস কবি সাহিত্যিক শিল্পী সংস্কৃতিজীবিদেরকে। সবাই তারস্বরে কোরাস গেয়ে ইউনুস সাহেবের মুন্ডুপাত করতে থাকেন। অবশ্য এতে প্রফেসর ইউনুসের একগাছি লোমও ছেড়া যায় না। যে দিন শেখ হাসিনা ওয়াশিংটন-প্লান সম্পর্কে জানতে পারেন তার পর থেকে ইউনুসকে ক্ষমতার জন্য হুমকী বিবেচনা করতে থাকেন। পচানোর নতুন মাত্রা যোগ হয়। শুরু হয় একের পর এক মামলার পালা। অর্থাৎ কোন একটা মামলায় সাজা দিয়ে ওয়াশিংটনসহ তার বন্ধুবান্ধবদেরকে দেখানো, লোকটা একটা সাজাপ্রাপ্ত আসামী, ক্রিমিনাল, তাকে সরকারে বসানোর আই ডিয়া বাদ দাও।

অনেকেরই হয়তো স্মরণ থাকবে, ২০১৮ সালের নির্বাচনকে কেন্দ্র করে বিএনপিসহ সকল বিরোধী দল যখন আন্দোলন করছে তখন একটা ফর্মূলা নিয়ে বেশ দৌড়ঝাপ চলছিল। মান্না সাহেবসহ বেশ কয়েকজন নেতা বলছিলেন তত্ত্বাবধায়ক সরকার থাকতে হবে কমপক্ষে দুই বছরের জন্য। অর্থাৎ তারা ধরে নিয়েছিলেন শেখ হাসিনা পদত্যাগ করবে এবং পরের নির্বাচন একটা তত্বাবধায়ক সরকারের অধীনে হবে। নির্বাচনের আগে সে সরকার বেশ কিছু সংস্কার করবে। এটাই ওয়াশিংটন-প্লান বলে সে সময় রটেছিল। বিএনপি এই ফর্মূলার সাথে একমত হয় নাই। তারা বলছিল যে কোন অবস্থায় তিন মাসের মধ্যে নির্বাচনের কথা। রাজনৈতিক দলগুলো এ বিষয়ে একমত হতে না পারায় সে যাত্রা ওয়াশিংটন-প্ল্যান স্থগিত হয়। এ সময়কালটায় প্রফেসর ইউনুসকেও কিছু রাজনৈতিক বক্তব্য দিতে দেখা গেছিলো। প্ল্যান স্থগিত হলে তিনি চুপ হয়ে যান। ওয়াশিংটন ইজারা রিনিউ করে দিয়ে ফিরে যায়। শেখ হাসিনাই পরের সরকার গঠন করবে, দিল্লীর এ বার্তা পেয়ে বিরোধী দলগুলো আন্দোলন রেখে একটা পাতানো নির্বাচনে অংশ নেয়।

বাইডেন সাহেব প্রেসিডেন্ট হয়ে বিশ্বে গণতন্ত্র সমুন্নত রাখার সংকল্প ঘোষনা করলে শেখ হাসিনার কপালে ভাজ পড়ে। গণতন্ত্র সম্মেলনে বাংলাদেশকে আমন্ত্রন না জানানোয় মোটামুটি পরিষ্কার হয়ে যায় প্ল্যান পরিত্যক্ত হয় নাই। তা আরও স্পষ্ট হয় র‍্যাবসহ কিছু বাহিনী প্রধানের ওপর স্যাংশন আরোপ করায়। পরবর্তীকালে পিটার হাসের দৌড়ঝাপ তো আমাদের দেখা। এবার মোটামুটি নিশ্চিত ছিল গনেশ পাল্টাবে। কিন্তু এবারও দিল্লী সামহাও ওয়াশিংটন ম্যানেজ করে ফেলে। হাস সাহেব ক্ষুব্ধ হয়ে ঘরে বসে যান। বিরোধী দলগুলো অকুল পাথারে পড়ে। দিল্লীর পৃষ্ঠপোষকতায় শেখ হাসিনা একটা ডামি নির্বাচন করে আবার পাঁচ বছরের জন্য বসে যান।

কিন্তু দশ কি এগারো সাল থেকে রাজনীতিতে যে একটা নীরব পরিবর্তন হয়ে চলেছে এই বাস্তবতাটা রয়ে যায় সবার হিসাবের বাইরে। জামাত-শিবির দেশে যে একটা সংগঠিত এবং আদর্শভিত্তিক সংগঠন এটা খোদ আওয়ামী সরকারও স্বীকার করতো। ভারত তার পরিকল্পনায় হুমকী হিসেবে এই একটি সংগঠনকেই মনে করতো। একে ধ্বংস করার জন্য যুদ্ধাপরাধি বিচার গণজাগরণ মঞ্চ সহ নানাবিধ পদ্ধতি অবলম্বন করা হয়। জামাত-শিবির ধরা, তাদেরকে হত্যা করা, গুম করা, আয়না ঘরে আটকে রাখা, মেরে পঙ্গু করে দেওয়া, মামলা দিয়ে জেলে আটকে রাখা, রিমান্ডে নিয়ে পেটানো, শিবিরের ছেলেদের শিক্ষাজীবন ধ্বংস করে দেওয়া, কাউকে বাড়ীতে থাকতে না দেওয়া, ধরে ধরে ইচ্ছামত টাকা আদায়, মিলাদে বসলেও জঙ্গী বলে ধরে নিয়ে আসা, কোরআন হাদিসের বইকে জ্বেহাদী বই বলে আসামী চালান করে দেওয়া- ইত্যাকার হেন কোন নিবর্তনমূলক ব্যবস্থা নাই যা তাদের ওপর প্রয়োগ করা হয়নি। পুলিশ এবং লীগ কর্মীদেরকে শিবির ধরা পেটানোর জেনারেল লাইসেন্স দিয়ে রাখা হয়েছিল। জামাত-শিবির মারা ছিল তাদের কাছে একটা খেলা। এমন পরিস্থিতিতে দলটা তাদের কৌশল পরিবর্তন করে। প্রকাশ্য তৎপরতা থেকে সম্পূর্ণ গুটিয়ে এনে ভেতরে ভেতরে কাজ শুরু করে। শিবিরের ছেলেরা শিক্ষা প্রতিষ্ঠানে ফিরে যায়। লেখাপড়ায় মন দিয়ে সর্বত্র ভাল রেজাল্ট করে চলে। অত্যন্ত কৌশলে নতুন রিক্রুট ও সংগঠন গড়ে তোলার কাজ চালিয়ে যায়। ক্যামোফ্লেজ হিসেবে ছাত্রলীগ ছাত্রদল বা অন্যান্য সংগঠনে অন্তর্ভূক্ত হয়। কিছুসংখ্যক ঢুকে যায় আইটি সেক্টরে। দীর্ঘ এক যুগের প্রয়াসে তারা দেশের প্রায় প্রতিটি বড় শিক্ষা প্রতিষ্ঠানে গোপনে নিজেদের অবস্থান সংহত করে নিতে সক্ষম হয়। '১৮ সালের কোটাবিরোধী আন্দোলনটা ছিল তাদের জন্য টেস্ট কেস। সেখানে ব্যপকভাবে অংশগ্রহন করে এবং ক্ষেত্রবিশেষে নেতৃত্ব দেয়। এই আন্দোলন থেকে শিক্ষা নিয়ে এরা পরের ধাপের জন্য প্রস্তুত হতে থাকে। শেখ হাসিনার তাবৎ গোয়েন্দা বাহিনী পুলিশ প্রশাসন দুইহাতে টাকা কামানোর নেশায় এতটাই মত্ত ছিল এই ডেভলপমেন্টটা তাদের এন্টেনার বাই রে র য়ে যায়।

এবারের কোটা সংস্কার আন্দোলনের ক্ষেত্র তৈরী করেছেন শেখ হাসিনা নিজে। '২০১৮ সালের আন্দোলনে ছাত্ররা চেয়েছিল সংস্কার। উনি মহামহিম মহারানী, রাগের মাথায় পুরো কোটা সিস্টেমই বাতিল করে দিলেন। উনার মুখনিঃসৃত বানী ছিল ঐশীবানী। তা পরিবর্তন হতো না। সরকার গেজেট করে কোটা বাদ দিয়ে দিলো। এবার যেটা হয়েছে, প্রশাসনে এবং দলে ৫০/৫৫ বছর বয়সী ভূয়া মুক্তিযোদ্ধারা কোটা ব্যবস্থা পুনর্বহালে কোনভাবে শেখ হাসিনাকে পটাতে সক্ষম হয়। এতদিনে তাদের ছেলে মেয়েরা মোটামুটি চাকরির বয়সে পৌঁছেছে। গাধা-গর্দভ এইসব হারামপুতদেরকে সরকারি চাকরিতে ঢোকাতে কোটা ছাড়া উপায় নাই। শেখ হাসিনা এদের কথায় নেচে কোর্টে এক চাকরকে দিয়ে কোটা বাতিলে তারই করা আদেশ বাতিল করিয়ে দেন। ছাত্ররা ইস্যু পেয়ে যায়।

শেখ হাসিনা বা সরকার এ আন্দোলনকে ধর্তব্যের মধ্যেই নেয়নি। প্রথমদিকে হাসি ঠাট্টা করেছে। ছাত্রলীগ একাই যথেষ্ঠ! পরে হুমকী। কিন্তু মধ ্য জুলাইয়ে আবু সাঈদসহ ছয়জন শহীদ হলে সাধারণ ছাত্রদের মাঝে ব্যপক ক্ষোভের সৃস্টি হয়। দলে দলে তারা নেমে আসতে থাকে রাস্তায়। কেউ কেউ দাবী করেন এ আন্দোলন দমাতে ভিনদেশী বাহিনী আনা হয়। শুরু হয় নিষ্ঠুর দমনপীড়ন। সেই পুরনো কৌশলে গুলী হামলা মামলা গ্রেপ্তার। এ আন্দোলনকে তুচ্ছতাচ্ছিল্য করে শেখ হাসিনাসহ সরকারের বিভিন্ন পর্যায়ের কর্তারা ব্যঙ্গবিদ্রুপাত্মক বক্তব্য দিতে থাকেন। উদ্ধত শেখ হাসিনা আন্দোলনকারিদেরকে রাজাকারের নাতিপুতি বলে কটাক্ষ করলে পরিস্থিতির অবনতি হয়। 'ভাত হারুন' কিছু সমন্বয়ককে গ্রেপ্তার করে মনে করেন সব ঠান্ডা হয়ে গেছে। কিন্তু ছাত্রনেতাদের কৌশলের কাছে সরকারি সব অপচেষ্টা ব্যর্থ হতে থাকে। প্রতিদিনই দেশের এখানে সেখানে ছাত্রসহ সাধারন মানুষ মৃত্যুবরন করতে থাকলে পরিস্থিতির অবনতি হয়ে চলে। এ সময় শেখ হাসিনা 'বাঙ্গালকে হাইকোর্ট' দেখান। কোর্ট আগের আদেশ স্থগিত করে চূড়ান্ত রায়ের জন্য এক মাস সময় নেয়। কাজ হয় না। কারন ততদিনে একটা সর্বব্যপী আন্দোলনের ক্ষেত্র তৈরী হয়ে গেছে। প্রথমদিকে রাজনৈতিক দলগুলো বিশেষ করে বিএনপি দুরে অবস্থান করলেও কৌশলে নেতাকর্মীদেরকে ছাত্রদের সাথে মাঠে নামায়। জামাতে ইসলামী প্রয়োজনীয় দিক নির্দেশনা দিতে থাকে। কারন সারা দেশে ছাত্র নেতা বা সংগঠকদের অধিকাংশই ছিল শিবির বা সমমনা।

এক পর্যায়ে শেখ হাসিনা কিছুটা ঘাবড়ে যান। বিজিবি আর্মি ট্যাংক কামান নামিয়ে দেখামাত্র গুলী, হেলিকপ্টার থেকে ব্রাশফায়ারে সাধারন ছাত্র জনতা এমনকি শিশু কিশোর হত্যা গোটা দেশবাসীকে ক্ষুব্ধ করে তোলে। এমনি এক সময়ে প্যারিসে বসে প্রফেসর ইউনুস দীর্ঘদিন পর দেশের পরিস্থিতি নিয়ে রাজনৈতিক বক্তব্য রাখলে বোঝা যায় কিছু একটা পাকাচ্ছে। ইতিমধ্যে পুলিশ ও লীগগুন্ডারা মিলে হাজারখানেক মেরে ফেলেছে। জারী করা হয় কারফিউ। ওয়াশিংটন প্লানের কুশীলবরা এই পর্যায়ে জোরেসোরে ইনভল্ব হন। মনে করা হয় আর একটু ধাক্কা দিলেই সরকার পড়ে যাবে। জাতিসংঘ ও মার্কিন স্টেট ডিপার্টমেন্ট থেকে আরও হত্যাকান্ডের বিরুদ্ধে সতর্ক করে দেওয়া হয়, যাতে ইঙ্গিত ছিল সেনাবাহিনীর ওপর স্যাংশন এবং শান্তিরক্ষী মিশন থেকে বাংলাদেশকে বাদ দেওয়ার। এসব ইঙ্গিত থেকে প্রতিরক্ষা বাহিনী নিজেদের ভবিষ্যত বিপদ সম্পর্কে কিছুটা আঁচ করে থাকতে পারে। জেনারেল ওয়াকার দরবার ডাকলে মোটামুটি স্পষ্ট হয়ে ওঠে তারা একটা অবস্থান নিতে যাচ্ছে।

এতদিনে শেখ হাসিনার গোয়েন্দারা খবর দেয় পেছন থেকে কলকাঠি নাড়ছে জামাতে ইসলামী আর ফ্রন্টলাইনে নেতৃত্ব দিচ্ছে শিবিরের ছেলেরা। কিন্তু ততদিনে ডিসিশন যা হবার ফাইনাল হয়ে গেছে। উপায়ন্তর না দেখে হাসিনা বুদ্ধি নিতে দুই দফা ১৪ দল নামে কিছু মিসকিন বা হাভাতে নেতার সাথে মিটিং করেন। এরা প্রথমবার বুদ্ধি দেয় কারফিউ জারী করে বেশুমার বা দেখামাত্র গুলী চালাতে। দ্বিতীয় দফায় বলে মুল কুশীলব জামাতে ইসলামীকে ব্যান্ড করে দিতে। গবুচন্দ্রীয় বুদ্ধি! বেকুবরা বোঝায় জামাত ব্যন্ড করে দিলেই তারা সবাই আন্দোলন রেখে সুরসুর করে ঘরে ঢুকে যাবে! শেখ হাসিনাও তাই বুঝে একদিন পর প্রজ্ঞাপন জারী করে জামাতকে নিষিদ্ধ করেন। প্রতিক্রিয়ায় ঘোষিত হয় এক দফা। এর পর তো মাত্র তিনদিন। ৪ তারিখে ছিল শহীদ মিনারে সমাবেশ। বলা হয়েছিল ৬ তারিখে কারফিউ ভেঙ্গে মার্চ টু ঢাকার কথা। কিন্তু কুশীলবরা একদিন অতিরিক্ত সময় দিতে চাইলেন না। ফাইনাল হিটের সময় এক দিন এগিয়ে আনা হলো।

শেখ হাসিনার পরিবার পরিজনরা ততক্ষনে গেম বুঝে গেছে। কিন্তু তিনি গোঁ ধরে থাকলেন আরও হাজার মানুষ হত্যা করে হলেও তাকে ক্ষমতায় রাখা হোক। এই পর্যায়ে বিভিন্ন বাহিনীপ্রধান একটা ঐতিহাসিক ভুমিকা পালন করেন। তারা শেখ হাসিনাকে বাস্তবতা মেনে প্রাণ নিয়ে পালাতে রাজী করান। পাঁচ তারিখ বেলা বারোটা পর্যন্ত কিন্তু ঢাকার রাস্তা প্রায় জনমানবশুণ্য। কারফিউয়ের মধ্যে ফাঁকা রাস্তায় সেনা টহলের ভিডিও প্রচার করছিল টিভি চ্যানেলগুলো। মানুষ তখনও নামে নাই। এ সময় একটি দৈনিকের অনলাইন ভার্সানে সেনাপ্রধানের ভাষন প্রচারের একটা ছোট্ট নিউজ ছাপা হয়। কিছু পর থেকে টিভি চ্যানেলগুলোয় স্ক্রলে একই কথা প্রচার শুরু হলে মানুষ বুঝে যায় গেম ইজ ওভার। গ নেশ উ ল্টে গে ছে। বাঁধভাঙ্গা জোয়ারের মত নেমে আসে পথে। ছুটে চলে গনভবনের দিকে।

সূচনা হয় বাংলাদেশের রাজনীতিতে এক নতুন ইতিহাসের। যিনি গোঁ ধরেছিলেন কেয়ামত পর্যন্ত ক্ষমতায় থাকার, তাকে মাত্র পয়তাল্লিশ মিনিটের নোটিশে তল্পিতল্পা রেখে প্রাণ নিয়ে পালাতে হয়। তৃতীয় বিশ্বের রাজনীতিতে ক্ষমতার পালাবদলে ফাইনাল রাউন্ডটা খেলে থাকে সেনাবাহিনী। এবারও তার ব্যত্যয় হয়নি। জেনারেল ওয়াকার শেখ হাসিনার খুব আস্থাভাজন ছিলেন। অনেক যাচাই বাছাই করে আত্মীয় দেখে তাকে সেনাপ্রধান পদে বসনো হয়েছিল। বিশ্বাস ছিল অন্য সেনাপ্রধানদের মত তিনিও সুবোধ বালকের মত ন্যয় অন্যায় সব আদেশ নির্দেশ মেনে নেবেন। কিন্তু মানুষ হত্যার নির্দেশ না মেনে তিনি বিশ্বাসঘাতকতা করেছেন না মনুষত্বের পরিচয় দিয়েছে সে বিচারের ভার দেশবাসীর। তবে এক ব্যক্তির ক্ষমতা ধরে রাখার অভিলাষ পুরনে মানুষ হত্যা করে সেনাবাহিনীর সর্বনাশ ডেকে আনার পথে না গিয়ে নিঃসন্দেহে তিনি যে একজন সত্যিকার দেশপ্রেমিকের ভুমিকাই পালন করেছেন, ইতিহাস তার স্বাক্ষ্য দেবে। যুগে যুগে এমন ওয়াকাররা থাকে বলেই দেশ বাঁচে মানবিকতার জয় হয়। লেখা হয় নতুন ইতিহাস।

রুজভেল্টের অপরাধ নিয়ন্ত্রণে নতুন কার্যক্রম ঘোষণা

(শেষ পৃষ্ঠার পর)
স্টলগুলোর মাধ্যমে অপরাধমূলক কর্মকাণ্ড বেড়ে গিয়েছে, যা এলাকার জীবনযাত্রার মানকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। সেই উদ্দেশ্যেই আমরা এনওয়াইপিডি-এর নেতৃত্বে 'অপারেশন রিস্টোর রুজভেল্ট' চালু করেছি।"

এর আগে জানুয়ারিতে, এ এলাকায় অ ্যাডামস্ প্রশাসন ১২টি অবৈধ পতিতালয় বন্ধ করেছে। এ বছর এখন পর্যন্ত, এনওয়াইপিডি ৩,০০০টিরও বেশি গ্রেপ্তার সহ ৯,৫০০টিরও বেশি সমন জারি করেছে। অ ্যাডামস্ বলেন, "শুধু গ্রেপ্তার বা সমন জারি করলেই সমস্যার সমাধান হবে না; সমস্যার মূলে পৌঁছাতে হলে আমাদের সরকারি সংস্থাগুলোর মধ্যে সমন্বয় করে কাজ করতে হবে।"

এই অভিযানে যুক্ত রয়েছে এনওয়াইপিডি, এফডিএনওয়াই, বিল্ডিং ডিপার্টমেন্ট, স্যানিটেশন বিভাগ, গৃহহীন সেবা বিভাগ, স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ, পার্ক বিভাগ, স্যানিটেশন বিভাগ, ছোট ব্যবসা সেবা বিভাগ, পরিবহন বিভাগ, মেয়র অফিসের ডোমেস্টিক এন্ড জেন্ডার বেসড ভায়োলেন্স এবং কমিউনিটি মেন্টাল হেলথ অফিস। অংশীদাররা এমটিএ, নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং কুইন্স কাউন্টি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিস থেকেও এই প্রচেষ্টায় যুক্ত হয়েছে।

অ্যাডামস্ বলেন, "আমরা জানি, আমাদের সবার একসাথে কাজ করা জরুরি, যেন এই অবৈধ দেহব্যবসা বন্ধ করা যায়, মানব পাচারের শিকার ব্যক্তিদের সহায়তা প্রদান করা যায়, এবং এলাকাটির বাসিন্দা ও ব্যবসায়ীরা চুরি ও অবৈধ ব্যবসায়ীদের সমস্যায় না পড়ে নিরাপদে জীবনযাপন ও কাজ করতে পারেন।"

অপারেশন রিস্টোর রুজভেল্ট- ১৪তম স্ট্রিট এবং মিডটাউনে চালু করা জননিরাপত্তা এবং জীবনযাত্রার মান উন্নয়নের উদ্যোগের উপর ভিত্তি করে ব্লক ধরে ধরে এবং এলাকা ধরে ধরে সম্প্রসারণ করছে, যাতে নিউইয়র্ক সিটি একটি পরিচ্ছন্ন এবং নিরাপদ স্থান হিসেবে গড়ে উঠতে পারে, যেখানে পরিবারগুলি উন্নতি করতে পারে।



সফলতার ২৮ বছর
The Weekly Bangla Patrika
বাংলা পত্রিকা

বর্ষ ২৯ : সংখ্যা ০৬ : সোমবার, কার্তিক ১২ ১৪৩১ / রবিউস সানি ২৪, ১৪৪৬
Vol. 29 Issue 06, October 28, 2024 USA.
Free in NY, Other State $1.

রুজভেল্টের অপরাধ নিয়ন্ত্রণে নতুন কার্যক্রম ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: জ্যাকসন হাইটসের রুজভেল্ট এভিনিউয়ে অপরাধ দমন ও নিরাপদ করে তুলতে 'অপারেশন রিস্টোর রুজভেল্ট' নামের একটি নতুন কার্যক্রম ঘোষণা করা হয়েছে। রোজভেল্ট এলাকায় অপরাধ এবং বিশৃঙ্খলা নিয়ন্ত্রণে আনতে শহরের বিভিন্ন সরকারি সংস্থা এবং আইন প্রয়োগকারী বাহিনীর সাথে অ্যাডামস প্রশাসন যৌথভাবে কাজ করছে। সোমবার (অক্টোবর ২১) কমিউনিটি অপ:এড-এ নিউইয়র্ক সিটি মেয়র এরিক অ্যাডামস এ কথা জানান।

অ্যাডামস বলেন, "নিউইয়র্ক সিটির অন্যতম বৈচিত্রময় এলাকা হিসেবে পরিচিত কুইন্সের জ্যকসন হাইটসের রুজভেল্ট এভিনিউ। সম্প্রতি শহরের ক্রমবর্ধমান অপরাধ এবং বিশৃঙ্খলার কেন্দ্রবিন্দুতে পরিণত হয়েছে রুজভেল্ট। অবৈধ পতিতালয়, অননুমোদিত ব্যবসা, এবং লাইসেন্সবিহীন খাবারের

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ৩১



সাঈদ তারেকের কলাম

সুরতহাল

শেখ হাসিনা জানতেন

তবে পিনাক রঞ্জন যেটার কথা বলেছেন সেটা না। ৫ আগষ্ট কিছু যে একটা ঘটতে যাচ্ছে বা সরকার পড়ে যাচ্ছে এটা ভারত সরকার আগেই জানতো, পিনাক রঞ্জন এমনটাই দাবী করেছেন। তার মতে, তবে এটা শেখ হাসিনা জানতেন না। হাসিনা জানতেন তার বিরুদ্ধে একটা বড় ঘোট পাকানো হচ্ছে। ওয়াশিংটনের সূত্রে এ তথ্য তার কাছে চলে আসে বেশ কয়েক বছর আগেই। রাশিয়ার গোয়েন্দা সূত্রও সতর্ক করেছিল ওয়াশিংটন তার বিরুদ্ধে আরব বসন্তের মত একটা ছাত্র অভ্যুত্থান ঘটানোর পরিকল্পনা নিয়েছে। শেখ হাসিনা এটাও জানতেন ওয়াশিংটনের পছন্দ ড. ইউনুস। তাকে সড়িয়ে ইউনুসকে বসানো হবে।

ইউনুস সাহেব তার টার্গেট হন অবশ্য তারও

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ৩২

দুই প্যানেলের পাল্টাপাল্টি সংবাদ সম্মেলন

চট্টগ্রাম সমিতি'র সভাপতি তাহের-সম্পাদক আরিফ নির্বাচিত

নির্বাচন কমিশনের ঘোষণা

বাংলা পত্রিকা রিপোর্ট: অবশেষে নির্বাচন কমিশন যুক্তরাষ্ট্র প্রবাসী চট্টগ্রামবাসীদের আঞ্চলিক সংগঠন চট্টগ্রাম সমিতি ইউএসএ'র নির্বাচনী ফলাফল ঘোষণা করেছে। নির্বাচন অনুষ্ঠানের চারদিন পর শুক্রবার কমিশন এই ফলাফল ঘোষণা করেন। এতে সভাপতি ও সাধারণ সম্পাদক পদে 'তাহের-আরিফ' প্যানেলের প্রার্থী মোহাম্মদ আবু তাহের সভাপতি এবং মো: আরিফুল ইসলাম সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছে।

নির্বাচন কমিশন ঘোষিত ফলাফলে 'তাহের-আরিফ' প্যানেলের প্রার্থীরা সভাপতি ও সাধারণ সম্পাদক পদসহ ৯টি পদে জয়ী হয়েছেন। অপরদিকে একমাত্র প্রতিদ্বন্দ্বি 'মাকসুদ-মাসুদ' প্যানেলের প্রার্থীরা সিনিয়র সহ সভাপতি পদ সহ ১০টি পদে জয়ী হয়েছেন।



চট্টগ্রাম সমিতি ইউএসএ'র নব-নির্বাচিত সভাপতি মোহাম্মদ আবু তাহের ও সাধারণ সম্পাদক মো. আরিফুল ইসলাম

'তাহের-আরিফ' প্যানেলের প্রার্থীরা হলেন: সভাপতি- মোহাম্মদ আবু তাহের, সাধারণ সম্পাদক- মুহাম্মদ আরিফুল ইসলাম, কোষাধ্যক্ষ- শফিকুল আলম, সহকারী কোষাধ্যক্ষ- মো. নূরুল আমিন, দপ্তর সম্পাদক- অজয় পি. তালুকদার, সহকারী দপ্তর সম্পাদক- ইমরুল কায়সার, শিক্ষা ও সাংস্কৃতিক সম্পাদক- মোহাম্মদ এনামুল চৌধুরী, প্রচার ও প্রকাশনা সম্পাদক- মোহাম্মদ জাভেদ শফি এবং ক্রীড়া সম্পাদক- মোহাম্মদ ঈশা।

'মাকসুদ-মাসুদ' প্যানেলের প্রার্থীরা হলেন: সিনিয়র সহ সভাপতি- মোহাম্মদ মুক্তাদির বিল্লাহ, সহ সভাপতি- আলী আকবর বাপ্পী ও মোহাম্মদ আইয়ুব আনসারী, যুগ্ম সাধারণ সম্পাদক- ইকবাল মিয়া, সহ সাধারণ সম্পাদক- মোহাম্মদ হারুন মিয়া, সাংগঠনিক সম্পাদক- মোহাম্মদ ফরহাদ, সমাজকল্যাণ সম্পাদক- মোহাম্মদ আকতার হোসাইন এবং কার্যকরী সদস্য নূরস সোফা, মোহাম্মদ শাহ আলম ও মোহাম্মদ শওকত আলী।

উল্লেখ্য, দীর্ঘদিন পর উৎসবমুখর ও ব্যাপক প্রচার প্রচারণার শেষে গত ২০ অক্টোবর (রোববার) চট্টগ্রাম সমিতির নির্বাচনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। নির্বাচন শেষে ঐদিন রাতে

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০০

নিউ ইয়র্কে বিডস'এর আলোচনা

প্রবাসীদের প্রতিটি ডলার দেশের সব ব্যাংকে নিরাপদ

এফএসআইবি ব্যাংকের চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মান্নান

বাংলা পত্রিকা রিপোর্ট: ফার্স্ট সিকিউরিটি ইসলামি ব্যাংক এর চেয়ারম্যান মোহাম্মদ আবদুল মান্নান বলেছেন, ব্যাংকিং চ্যানেলে প্রবাসীদের পাঠানো প্রত্যেকটি ডলার বাংলাদেশের সব ব্যাংকে নিরাপদ। ড. ইউনুস এর নেতৃত্বাধীন সরকার এলক্ষ্যে রাতদিন কাজ করে যাচ্ছে। ১৯ অক্টোবর শনিবার নিউ ইয়র্কে বাংলাদেশ ইনষ্টিটিউট ডেভেলপমেন্ট এন্ড সিকিউরিটি ষ্টাডিজ আয়োজিত সেমিনারে মোহাম্মদ আবদুল মান্নান এসব কথা বলেন। সেমিনারে অংশ নেয়া বক্তারা জানান, ব্যাংক আস্থার পরিবেশ তৈরী করতে পারলে প্রবাসীরা বিদেশে টাকা না রেখে বাংলাদেশে রাখবে। এসময় তারা অবিলম্বে অর্থ পাচারকারীদের

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০২

নিউইয়র্কে শুরু আগাম ভোট

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন আগামী ৫ নভেম্বর। ইতিমধ্যে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটে আগাম ভোট শুরু হয়েছে। এরই ধারাবাহিকতায় শনিবার থেকে নিউইয়র্কে শুরু হয়েছে আগাম ভোট। এ আগাম ভোট চলবে আগামী ৩ নভেম্বর রবিবার পর্যন্ত।

নিউইয়র্কে আগাম ভোটের সময়সূচি হলোঃ ২৬ অক্টোবর শনিবার সকাল ৮টা থেকে বিকেল ৫টা, ২৭ অক্টোবর রবিবার একই সময়, ২৮ অক্টোবর সোমবার, ২৯ অক্টোবর মঙ্গলবার, ৩০ অক্টোবর বুধবার, ৩১ অক্টোবর বৃহস্পতিবার, ১ নভেম্বর শুক্রবার প্রতিদিন সকাল ৮টা থেকে রাত ৮টা পর্যন্ত এবং ২ নভেম্বর শনিবার ও ৩ নভেম্বর রবিবার সকাল ৮টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। যারা তাদের নিকটস্থ ভোটকেন্দ্রের ঠিকানা জানতে চান তারা ভিজিট করতে পারেন nycvotes.org। এবার ব্যালটে ৬টি প্রপোজাল থাকবে। ১. বৈষম্যের বিরুদ্ধে সংশোধনী, ২. সরকারি সম্পত্তি পরিষ্কার করণ, ৩. বাজেট ডেডলাইন আপডেট, ৪. পাবলিক সেফটি বিলের আগে অতিরিক্ত সময় প্রদান, ৫. ক্যাপিটাল প্লানিং এবং ৬. এবং মাইনোরিটি ও উইমেন মালিকানাধীন ব্যবসা, ফিল্ম পারমিট ও আর্কাইভ রিভিউ বোর্ড।

নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে চাকুরীর সুযোগ

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটিতে স্কুলে শিক্ষকতার বাইরে যারা চাকুরী খুজঁছেন তাদের জন্য সুখবর। সিটির পাবলিক স্কুলগুলোতে কেন্দ্রীয় ও প্রশাসনিক পর্যায়ে বেশ কিছু সংখ্যক পদের জন্য কর্মী নিয়োগ প্রক্রিয়া শুরু হচ্ছে। চলতি মাসের শেষ সপ্তাহ আছে সেই আবেদন করার জন্য। পাবলিক স্কুল কর্তৃপক্ষ বলছে, এই পদগুলোতে আবেদন করার জন্য বিভিন্ন স্তরে অভিজ্ঞতার প্রয়োজন পড়বে। যেসব বিভাগে পদ শূণ্য রয়েছে. সেগুলো হলো প্রাথমিক শিক্ষা, স্কুল স্বাস্থ্য , বৈচিত্র্য, সমতা , স্কুলের জন্য প্রয়োজনীয় কেনাকাটা।

কিছু পদের জন্য একটি স্বীকৃত কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রী প্রয়োজন, অন্যগুলোর জন্য কয়েক বছরের অভিজ্ঞতা প্রয়োজন হতে পারে। স্বাস্থ্য সংক্রান্ত পদগুলোর জন্য নিউ ইয়র্ক

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৪

নিউইয়র্কে ৩০ লাখ বাসিন্দা ট্যাক্স রিলিফ পাবেন

বাংলা পত্রিকা ডেস্ক: তিন মিলিয়নের বেশি নিউইয়র্কের স্টেট বাসিন্দাকে ২ বিলিয়ন ডলারের বেশি ট্যাক্স রিলিফ দিচ্ছে নিউইয়র্ক স্টেট কর্তৃপক্ষ। নিউইয়র্কের গভর্নর ক্যাথি হকুল সম্প্রতি নিউ ইয়র্ক স্টেটের প্রায় ত্রিশ লাখ নিউ ইয়র্কবাসীকে ২.৩ বিলিয়ন ডলার ট্যাক্স রিলিফের বিষটি তুলে ধরেন। গভর্নর দপ্তরের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

এতে হকুল বলেন, প্রায় দুই মিলিয়ন নিউইয়র্কবাসী তাদের দ্যা স্কুল ট্যাক্স রিলিফ বা 'স্টার' সুবিধার আওতায় এই রিলিফ পেয়েছে বা পাবে। আগামী সপ্তাহে আরও প্রায় ১ মিলিয়ন এ সুবিধার আওতায় আসবে।

হকুল বলেন, 'ব্যাক-টু-স্কুল' সিজনটি লাখ লাখ নিউ ইয়র্কারের জন্য ট্যাক্স রিলিফ সিজনও। জীবনযাত্রার খরচ বাড়ার প্রেক্ষাপটে স্টেটের বাসিন্দা ও তাদের পরিবারগুলিকে সাহায্য করার জন্য তাদের পকেটে আরও অর্থ ফেরত দিয়ে যাচ্ছি। এজন্য ট্যাক্স ক্রেডিট, চাইল্ড কেয়ার সহায়তা, গ্রীষ্মকালীন খাদ্য সুবিধাসহ নানা সহায়তা দেয়া হচেছ।

স্টার প্রোগ্রামের আওতায় সমগ্র নিউইয়র্ক স্টেটের নিউ ইয়র্ক স্টেটের যোগ্য বাড়ির মালিক এবং প্রবীণ নাগরিকদের সম্পত্তি কর থেকে রিলিফ দেয়া হয়। ব্যক্তির আয়, সম্পদের পরিমান,

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৪

ঢাকায় এবিসিসিআই'র বিজনেস নেটওয়ার্কিং ডিনার২৩ ডিসেম্বর

এবিসিসিআই'র নতুন কমিটির প্রেসিডেন্ট টুটুল-সেক্রেটারী ফাহাদ



বাংলা পত্রিকা রিপোর্ট: ২০০১ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশী বংশোদ্ভুত আমেরিকান ব্যবসায়ীদের সংগঠন 'আমেরিকা বাংলাদেশ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (এবিসিসিআই) এর নতুন কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটিতে আসিফ বারী টুটুল প্রেসিডেন্ট, ফাহাদ সোলায়মান সেক্রেটারী এবং বিলাল চৌধুরী কোষাধ্যক্ষ মনোনীত হয়েছেন। এদিকে সম্প্রতি গঠিত এবিসিসিআই'র নতুন কমিটির উদ্যোগে আগামী ২৩ ডিসেম্বর ঢাকার বনানীস্থ হোটেল শেরাটনে বিজনেস নেটওয়ার্কিং ডিনার'র আয়োজন করা হয়েছে। বাংলাদেশী এবং যুক্তরাষ্ট্রের ব্যবসায়ীদের মধ্যে সেতুবন্ধন সৃষ্টি করাই এই আয়োজনের মূল উদ্দেশ্য। অনুষ্ঠানে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার 'জুলাই স্মৃতি ফাউন্ডেশন'র তহবিলে ১ কোটি টাকা অনুদান হস্তান্তর করা হবে।

সিটির জ্যাকসন হাইটসের নবান্ন চাইনিজ রেষ্টুরেন্টে গত ১৬ অক্টোবর বুধবার আয়োজিত এক সংবাদ সম্মেলনে এবিসিসিআই'র প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট গিয়াস আহমেদ উপরোক্ত তথ্য জানান। এসময় তিনি সংগঠনের নতুন কার্যকরী কমিটির কর্মকর্তা ও সদস্যদের নাম ঘোষণা করে তাদের পরিচয় করিয়ে দেন।

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০২

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০০

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ:

বিপুল উৎসাহ-উদ্দীপনায় অনুষ্ঠিত হলো বাংলাদেশ সোসাইটি, নিউইয়র্ক এর দ্বি-বার্ষিক (২০২৫-২০২৬) নির্বাচন। রোববার (২৭ অক্টোবর) এই নির্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়। ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ সোসাইটির এবারের নির্বাচনে ভোটার ছিলো সংখ্যা ছিলো ১৮ হাজার ৬১৩ জন। নিউইয়র্ক সিটির ৫টি ভোট কেন্দ্রে ৫৮টি মেশিনে ভোট গ্রহণ অনুষ্ঠিত হয়। ছোট-খাটো অভিযোগ ছাড়া শান্তিপূর্ণ পরিবেশ আর দেশীয় স্টাইলে এই নর্বাচনে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনের দিন জ্যামাইকা কেন্দ্রে সকাল ৯টায় প্রথম ভোট দেন প্রবীন প্রবাসী ছদরুণ নূর। অপরদিকে উডসাইড কেন্দ্রে রাত ৯টার পর শেষ ভোট দেন কুইন্স ডেমোক্র্যাটিক পার্টির ডিষ্ট্রিক্ট লীডার এটর্নী মঈন চৌধুরী।

এরপর দেখুন পৃষ্ঠা ॥ ০০

ব্রঙ্কসে ই-স্কুটার বিস্ফোরণে ১জন নিহত

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের বেলমন্ট সেকশনের একটি অ্যাপার্টমেন্টে ই-স্কুটার বিস্ফোরণে ১জন নিহত হয়েছেন। আহত হয়েছে আরো ১জন। ২৪ অক্টোবর বৃহস্পতিবার রাত ১২টার দিকে বাউমন্ট অ্যাভিনিউ অ্যাপার্টমেন্ট বিল্ডিংয়ে এই বিস্ফোরনের ঘটনাটি ঘটে। ফায়ার ডিপার্টমেন্টের কর্মকর্তারা জানান, অগ্নিকান্ডে ৩৪ বছরের এক ব্যক্তির শরীর পুরো ঝলসে যায়। তাকে সেন্ট বার্নাবাস হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা মৃত ঘোষণা করেন। অগ্নিকান্ডে ৫৬ বছর বয়সী ১ ব্যক্তি গুরুতর আহত হয়। ফায়ার ডিপার্টমেন্টের তথ্যানুসারে চলতি বছরে ২২২টি লিথিয়াম আয়ন ব্যাটারি বিস্ফোরনে ৮৮ আহত হয়েছেন। নিহত হয়েছেন অন্তত ৪জন।







Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169Fax: 718 482 9935. Email: banglapatrikausa@gmail.com